# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 42 ■ 26th October 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



**অমরবীনা হেলথ কেয়ার প্রাইভেট লিমিটেড** ইন্দিরাপল্লী, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

অমরবীনা হেলথ কেয়ার প্রাইভেট লিমিটেড নিম্নলিখিত পদের জন্য আবেদনপত্র আহ্বান করিতেছে।

**1. Female Receptionist, 2. Female USG Assistant-cum-Report Typist**
**3. Laboratory Technologist (BMLT / DMLT)**

সকল পদের জন্য computer জানা এবং কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা প্রয়োজন।
ইচ্ছুক ব্যক্তিগণ বায়োডাটা সহ ১৫ দিনের মধ্যে by post অথবা নিম্নোক্ত mail ID তে আবেদন পাঠাতে পারেন। Mail ID : amarbinahealthcarepvtltd@gmail.com


# কেন্দ্রীয় সরকারের অস্ত্র তৈরির কারখানায় ৪,০৩৯ অ্যাপ্রেন্টিস

**মাধ্যমিক ও আই.টি.আই থেকে পাশ**

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩৮টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৪,০৩৯ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিচেছ। এটি ৫৮তম ব্যাচের ট্রেনিং। এবার প্রার্থী বাছাই করবে যন্ত্র ইন্ডিয়া লিমিটেড (YIL).

**শিক্ষাগত যোগ্যতা :** অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১,৪৬৩টি।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে ☞ এরপর ৪ পাতায়


**ICE Academy**
WBCS, Combined
SSC, Rail, Bank
দীপাবলী অফার
কোর্স ফী-তে 40% OFF !
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667


## অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার ও সাব-ইন্সপেক্টর পদের জন্য

# রেলের পরীক্ষা শুরু ২৫ নভেম্বর

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার আর রেলওয়ে প্রোটেকশন ফোর্সের সাব-ইন্সপেক্টর পদের জন্য এবছর যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার অনলাইন কম্পিউটার বেসড পরীক্ষার (CBT) তারিখ ঠিক হয়েছে। রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড ৭ অক্টোবর এক বিজ্ঞপ্তিতে এই ৪টি পদের কম্পিউটার বেসড পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। যে যে পদের পরীক্ষার তারিখ ঠিক হয়েছে সেগুলি দেওয়া হল :

(ক) বিজ্ঞপ্তি নং CEN 01/2024-এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ২৫ নভেম্বর থেকে ২৯ নভেম্বর পর্যন্ত। এই পদে শূন্যপদ বেড়ে হয়েছে ১৮,৭৯৯টি। অনলাইনে দরখাস্ত নেওয়া হয়েছিল এবছর ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত।

(খ) বিজ্ঞপ্তি নং CEN RPF 01/2024-এর রেলওয়ে প্রোটেকশন ফোর্সের সাব-ইন্সপেক্টর পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ২ ডিসেম্বর থেকে ৫ ☞ এরপর ৩ পাতায়


**শুভ ইচ্ছা**

কর্মসংস্থান পত্রিকার পাঠক, বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতা ও শুভানুধ্যায়ীদের জানাই অশুভ শক্তির বিজয়ায় প্রীতি ও শুভ ইচ্ছা।


# এয়ারপোর্ট অথরিটিতে ১৩৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার পূর্বাঞ্চল জোন গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ১৩৫ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য : ☞ এরপর ৩ পাতায়

# টেরিটোরিয়াল আর্মিতে ৩৮৯ সোলজার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** টেরিটোরিয়াল আর্মি ইনফ্যান্ট্রি ইউনিট সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার মাধ্যমে সোলজার (জেনারেল ডিউটি), সোলজার (হাউসকীপার), সোলজার ☞ এরপর ৫ পাতায়

# রেলে ৩,৪৪৫ টিকিট ক্লার্ক, টাইপিস্ট

## দরখাস্ত করার শেষ তারিখ বেড়ে ২৭ অক্টোবর

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate) উচ্চমাধ্যমিক যোগ্যতায় (বিজ্ঞপ্তি নং ০৬/২০২৪) কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,৪৪৫টি শূন্যপদের জন্য যে দরখাস্ত নেওয়া চলছিল, তার দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ২৭ অক্টোবর করা হয়েছে। নেওয়া হবে এইসব পদে :

**ক্যাটেগরি নং ১ : কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক** পদে শূন্যপদ ☞ এরপর ২ পাতায়

# মহারাষ্ট্র ব্যাঙ্কে ৬০০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র অ্যাপ্রেন্টিস হিসাবে ৬০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০-৬-২০২৪'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা।

যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গ ১৩টি (জেনাঃ ৮, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ত্রিপুরা ১টি (জেনাঃ)। অসম ৭টি (জেনাঃ ৬, ও.বি.সি. ১)। বিহার ১৪টি। আন্ধ্রা প্রদেশ ১১, অরুণাচল প্রদেশ -১, চন্ডীগড় -১, ছত্তিশগড় -১৩, গোয়া -৫, গুজরাট -২৫, ☞ এরপর ৩ পাতায়

# কোল ফিল্ডে ১,২১৮ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** ওয়েস্টার্ণ কোল ফিল্ড লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' ও 'ফ্রেশার অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,২১৮ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস :** মাধ্যমিক পাশের পর আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, সার্ভেয়র, ☞ এরপর ৪ পাতায়

**১৬-১৭ নভেম্বর PSC'র ক্লার্কশিপ**
**এই পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর**
ভেতরের পাতায়

# কোচিন শিপইয়ার্ডে ৩০৭ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কেরল :** কোচিন শিপইয়ার্ড লিমিটেড 'টেকনিশিয়ান (ভোকেশনাল) / ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩০৭ জন লোক নিচেছ। কারা কোন ট্রেডের জন্য যোগ্য : ☞ এরপর ৪ পাতায়

# ৯০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, গাজিয়াবাদ :** ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডের গাজিয়াবাদ শাখা 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' পদে ৯০ জন লোক নিচেছ।

মেকানিক্যাল, কম্পিউটার ☞ এরপর ৪ পাতায়


**গতবারের মতো এবারেও**
**কমন**
**পেতে হলে কিনুন**
রাজ্য পুলিশের
**Constable**
২০২৪ স্পেশাল
**অনলাইন পরীক্ষার**
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৬০০/- টাকা~~ ৩০০/- টাকা
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান


# বিমা সংস্থায় ২০০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, ইউনাইটেড ইন্ডিয়া ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (স্কেল-১)' পদে ২০০ জন ছেলেমেয়ে নিচেছ।

নেওয়া হবে এইসব শাখায় : জেনারেলিস্ট, রিস্ক ম্যানেজমেন্ট, ফিনান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট, অটোমোবাইল ইঞ্জিনিয়ার্স, কেমিক্যাল ইঞ্জিনিয়ার্স /মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ার্স, ডাটা অ্যানালাইসিস, লিগ্যাল। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**জেনারেলিস্ট :** মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১০০টি।

**রিস্ক ম্যানেজমেন্ট :** মোট অন্তত ☞ এরপর ৫ পাতায়

**ব্যবসা**

# ঘরে বসে টিফিন পরিষেবার

**কম পুঁজিতে নানা ব্যবসার সুলুকসন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু**



খুব সাশ্রয়ী দামে সুস্বাদু স্বাস্থ্যকর আর পুষ্টিকর খাবার সরবরাহ করাই টিফিন পরিষেবা ব্যবসার একমাত্র উদ্দেশ্য। যাঁদের রান্না করার সময় নেই অথচ প্রতিদিন লাঞ্চ বা ডিনারে সুস্বাদু ও স্বাস্থ্যকর খাবার খুঁজছেন, এই টিফিন পরিষেবা তাঁদের জন্যই প্রযোজ্য।

ভারতের জোম্যাটো, স্যুইগির মতো অ্যাপের কল্যাণে এখন ঘরে বা অফিসে বসেই প্রিয় রেস্তঁরার প্রিয় খাবার ফরমাশ দিয়ে আনা যায়। ☞ এরপর ৪ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জমির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

NIOS বোর্ড থেকে মাধ্যমিক / H.S. পাশ করুন মাত্র 6 মাসে। যোগাযোগ : 7001092049

SH

**রেলওয়ে ক্র্যাশ্ কোর্স**
সাফল্যের ইতিকথা। ক্যাসেস্, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলিকাতা- 700009. WApp- 9123325910 / 9062756906.
বিঃদ্রঃ- সকল প্রকার সুবিধা উপলব্ধ।

SH

**CMS & ED (Allopathy) কোর্স**
ইউনিভার্সিটি (UGC) স্বীকৃত CMS & ED, BMLT, B.OPTOM, BNYS কোর্সে ভর্তি চলছে। CAREER ACADEMY OF MEDICAL SCIENCE, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কোল-84. 45B বাসস্ট্যান্ডের পাশে। 7044716334/7980054389

D

## স্কুল-কলেজ-শিক্ষা

**শেষ সুযোগ-2024**
**কম খরচে NCVT ITI**
অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, ডিজেল মেকানিক, প্লাম্বার। সত্যেন বোস ITI, বারাসাত, M-9143181141.

R

## কর্মখালি

কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব ভ্যাকেন্সি। কোনো পরীক্ষা ছাড়াই নিয়োগ। স্যালারি 28K to 84K. M/F নিয়োগ। থাকা খাওয়া পুরো ফ্রি। আর্জেন্ট কল : 7407645389

SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
WBSEDCL এ কন্ট্রাক্টরের অধীনে পশ্চিমবঙ্গে জেলা ভিত্তিক বিভিন্ন পদে ও অফিসিয়াল কাজে কর্মী চাই। বেতন- 16357/-48247/- + P.F., E.S.I, O.T. 9163934063

SA

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

## কর্মখালি

**জরুরি বিজ্ঞপ্তি**
এয়ারপোর্ট-এ বিভিন্ন কাজে যোগ্যতানুসারে স্থায়ী পদে নিয়োগ চলছে। M/F উভয়। যোগ্যতা- M/P-স্নাতক। বেতন- 18000/- 56000/-বয়স- 18-45. থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা পাবেন। যোগাযোগ (M): 9874944828

SA

**সরাসরি ৭ দিনে জয়েনিং**
গভঃ রেজি 254/01, শূন্যপদ : 209. বেতন- 17,900-39,500, উঃবঙ্গ সহ 23 জেলায় ক্লার্ক, SV, ASV, ইনচার্জ, ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA), ATM, টাওয়ার গার্ড, Ex-আর্মি-গানম্যান, লেবার, মেট্রো, এয়ারপোর্ট, জাহাজে, বন্দরে সরকারি সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে। Ltd., M.NC Co.-তে স্থায়ী চাকরি, খাওয়া-থাকা, সমস্ত সুবিধা-নিজ জেলায় পোস্টিং। G.C.A, বারাসাত- 9062586892/ 8013607954.

SP

## কর্মখালি

**বন্ধন ব্যাঙ্ক DSA-তে চাকরি এবং সার্ভিসম্যানদের বিশেষ সুযোগ**
পশ্চিমবঙ্গের ২৩টি জেলায় বিনা ... সরাসরি M/F নিয়োগ চলছে। ... ৮ম পাশ থেকে স্নাতক, বেতন 14600/- - 52700/-. বিশদ জানতে ফোন করুন। G.E. - 8327268576

SP

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 19K (PF+ESI) ব্যারাকপুর/ডানলপ- 9073810433 নৈহাটি - 9830871269

M

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**ব্যাঙ্কে স্থায়ী চাকরি**
প্রাইভেট ব্যাঙ্কে নিজের যোগ্যতা অনুযায়ী পার্মানেন্ট চাকরি। M/F মোট 180 জন প্রয়োজন। নিজের জেলায় পোস্টিং। ৮ম পাশ হতে হবে। বোনাস, OT, PF ও প্রমোশন আছে। বেতন- 21000+. যোগাযোগ: M- 8348563709

SA

## কর্মখালি

**প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব**
Age: 18-35. HS & Graduate. Salary : 14k-27k, নিজ এলাকা। বনগাঁ-দমদম 9477762101, হাওড়া-হুগলি 9477762102.

R

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কোলকাতা, দমদম ও শিলিগুড়ি বাগডোগড়া এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা- MP-স্নাতক। বেতন- 18200/-56700/-. বয়স- 18-45. থাকা খাওয়া সহ PF, ESI, বোনাস, প্রমোশন-এর সুবিধা। সত্বর যোগাযোগ : 9062529664

SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

# রেলে ৩,৪৪৫ টিকিট ক্লার্ক

১ পাতার পর

আছে ২,০২২টি। ক্যাটেগরি নং ২ : অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট পদে শূন্যপদ আছে ৩৬১টি। ক্যাটেগরি নং ৩ : জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে শূন্যপদ আছে ৯৯০টি। ক্যাটেগরি নং ৪ : ট্রেন্স ক্লার্ক পদে শূন্যপদ আছে ৭২টি।

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে।

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫ টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫ টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদের বেলায় টাইপিং স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক ও ট্রেন্স ক্লার্ক পদের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

অনলাইনে দরখাস্ত করতে পারবেন ২৭ অক্টোবর পর্যন্ত। পরীক্ষা ফী'র টাকা দিতে পারবেন ২৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবরের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন।

## বিশেষ বিজ্ঞপ্তি

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।
— সম্পাদক, 'কর্মসংস্থান'

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকি কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী থাকব না।
— সম্পাদক, কর্মসংস্থান

**কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ**

**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**
WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com



**Courses Offered**
**B.Sc নার্সিং** 60 Seats (4 Years)
**GNM নার্সিং** 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের ছেলেমেয়েরাই আবেদন করতে পারেন।

**সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ**
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani)
Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252

# কেন্দ্রীয় সংস্থায় ৪৭ ইঞ্জিনিয়ার ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' পদে ৪৭ জন লোক নিচেছ।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৬-১১-২০২৪'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে : ৩০,০০০-১,২০,০০০ টাকা। শূন্যপদ : ৪৭টি (জেনাঃ ২১, ও.বি.সি. ১২, তঃজাঃ ৭, তঃউঃজা ঃ ৩, ই.ডব্লু.এস. ৪, প্রতিবন্ধী ২)।

এই পদের বিজ্ঞপ্তি নং : CC/08/2024, Date: 16.10.2024.

প্রার্থী বাছাই হবে ২০২৪ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.powergrid.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর ওয়েবসাইট থেকে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

# ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্কে ৩৪৪ এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্ক এক্সিকিউটিভ পদে ৩৪৪ জন ছেলেমেয়ে নিচ্ছে। সারা ভারতের বিভিন্ন শাখায় পোস্ট অফিসের ফিল্ড নেটওয়ার্ক আরো প্রসারিত করাই হল এই পদের মূল কাজ।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। পোস্ট অফিসে যাঁরা গ্রামীণ ডাক সেবক (জি.ডি.এস.) পদে কর্মরত ও অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা আছে, শুধুমাত্র তাঁরাই আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-৯-২০২৪'এর হিসাবে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩০,০০০ টাকা। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। প্রয়োজনে আরো ২ বছর বাড়তে পারে।

শূন্যপদ : ৩৪৪টি। মোট শূন্যপদের মধ্যে পশ্চিমবঙ্গে ১৩টি (আসানসোল, বর্ধমান, চুঁচুড়া, কাঁথি, জলপাইগুড়ি, হাওড়া, ঝাড়গ্রাম, কালিম্পং এস.ও., কলকাতা, মালদা, মেদিনীপুর, পুরুলিয়া, শিলিগুড়ি এইচ.ও.-তে ১টি করে), অসমে ১৬টি, বিহার-২০টি, চণ্ডীগড় -২টি, ছত্তিশগড় -১৫টি, দাদরা ও নগর হাভেলি-১টি, দিল্লি -৬টি, গোয়া -১টি, গুজরাট -২৯টি, হরিয়ানা-১০টি, হিমাচল প্রদেশ -১০টি, জম্মু ও কাশ্মীর -৪টি, ঝাড়খন্ড -১৪টি, কর্ণাটক -২০, কেরল-৪টি, লাদাখ -১টি, লাক্ষাদ্বীপ-১টি, মধ্য প্রদেশ ২০টি, মহারাষ্ট্র -১৯টি, মণিপুর-৬টি, মেঘালয় -৪টি, মিজোরাম-৩টি, নাগাল্যান্ড ৩টি, ওড়িশা -১১টি, পুদুচেরী -১টি, পঞ্জাব-১০টি, রাজস্থান -১৭টি, সিকিম -১টি, তামিলনাড়ু -১৩টি, তেলেঙ্গানা-১৫টি, ত্রিপুরা-৪টি, উত্তর প্রদেশ -৩৬টি।

ডিগ্রি কোর্সে পাওয়া নম্বর দেখে বাছাই প্রার্থীদের অনলাইন টেস্টের জন্য ডাকা হবে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : IPPB/CO/HR/RECT./2024-25/03.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ippbonline.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফ্ট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এয়ারপোর্ট অথরিটিতে ১৩৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** সিভিল, কম্পিউটার সায়েন্স, অ্যারোনটিক্যাল, অটোমোবাইল, আর্কিটেকচার, ডাটা অ্যানালাইসিস, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, আই.টি., মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৪৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** সিভিল, কম্পিউটার সায়েন্স, অ্যারোনটিক্যাল, অটোমোবাইল, আর্কিটেকচার, ডাটা অ্যানালাইসিস, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, আই.টি., অঙ্ক / স্ট্যাটিস্টিক্স, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা। শূন্যপদ : ৫০টি।

**আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস (কম্পিউটার অপারেটর প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক্যাল, মেকানিক, ইলেক্ট্রনিক্স, স্টেনো) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৪০টি।

সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০২২ বা, তারপর। বয়স হতে হবে ৩১-৭-২০২৪'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর আর ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিং হবে আর.এইচ.কিউ (পূর্বাঞ্চল), বহরমপুর, বাগডোগরা, ভুবনেশ্বর, কোচবিহার, দেওঘর, গয়া, ঝাড়সুগুড়া, পটনা, প্যাকং, পোর্ট ব্লেয়ার, রাইপুর, রাঁচী। এই পদের বিজ্ঞপ্তি নং : 10/ 2024/Apprentice/Graduate/ Diploma/ITI/ER.

দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউ বা, সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।

আগ্রহী প্রার্থীদের অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ৩১ অক্টোবরের মধ্যে। গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের বেলায় নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.nats.education.gov.in আই.টি.আই. অ্যাপ্রেন্টিসদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org তখন পাশপোর্ট মাপের ফটো, আধার কার্ড, ব্যাঙ্ক ডিটেলস, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ইত্যাদি স্ক্যান করে নেবেন। কোনো ফী দিতে হবে না। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটেই পাবেন।

# নার্সিং নিয়ে কেরিয়ার গড়তে

## পূর্ব মেদিনীপুরের সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউটের বড় পদক্ষেপ

**নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর :** পূর্ব মেদিনীপুরের সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউট WBUHS, WBNC & INC পরিচালিত কলেজ, যেখানে B.Sc নার্সিং এবং G.N.M নার্সিং করানো হয়ে থাকে।

নার্সিং নিয়ে কেরিয়ার গড়তে চাইলে ও নার্সিং পড়তে হলে কী ধরনের স্কিল দরকার ইত্যাদি যাবতীয় বিষয় নিয়ে কাউন্সেলিংয়ের মাধ্যমে ছাত্রীদের জানিয়ে আগ্রহী হলে তবেই ভর্তি করানো হয় কলেজে। অর্থাৎ, ভর্তির জন্য বিজ্ঞাপনের চমকে চমকিত না হয়ে সঠিক গাইডেন্স সহ কাউন্সেলিং করে যেভাবে ছাত্রীদের নার্সিংয়ের খুঁটিনাটি বিষয় সম্বন্ধে অবগত করে ভর্তি করানো হয়, তা পশ্চিমবঙ্গের বুকে এক বিরল অভিজ্ঞতা সঞ্চার করেছে পূর্ব মেদিনীপুরের সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউট। স্টুডেন্টদের Success Story এই কলেজের বড় ব্র্যান্ডিং। স্টুডেন্টদের পড়াশুনা থেকে কেরিয়ার তৈরির অসাধারণ পদ্ধতি যা সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউটের বড় সাফল্য। তাই এখানে কর্ণধার কী বললেন তার থেকেও বড় মূল্যায়ন হয় ছাত্রীদের অভিজ্ঞতা। ফ্যাকাল্টি সম্বন্ধে ছাত্রীদের প্রকাশ্য মন্তব্য এই কলেজের প্রধান হাতিয়ার। তাই, বিজ্ঞাপন নয় এই কলেজের প্রতিটি ছাত্রী আজ কলেজের ব্র্যান্ড অ্যাম্বাসাডর। কলেজ সম্বন্ধে জানতে বা কাউন্সেলিংয়ের ধরন জানতে সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউটের কাউন্সেলরের কথা মনে গেঁথে থাকবে।

স্টুডেন্টরা কীভাবে নিজেদের মধ্যে পরীক্ষার ব্যবস্থা করে তার সাবজেক্ট সম্বন্ধে কতটা সড়গড় আছে তার পরিচয় দেয় এবং স্টুডেন্টরা ভিডিওর মাধ্যমে কীভাবে একটা যে কোনো টপিককে ডেমোস্ট্রেট করে, কীভাবে গ্রুপ ডিসকাশন করা হয় — এইরকম কিছু উদাহরণ দেওয়া হল, এইরকম আরো অজস্র উদাহরণ আছে। এই ক্রিয়েটিভ ধারণার মধ্য দিয়ে সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউট আজ অন্যদের থেকে সম্পূর্ণ আলাদা। তাই ভর্তির জন্য নয় জানবার জন্য যে অন্য কোনো নার্সিং ইনস্টিটিউট থেকে কী পার্থক্য আছে তা জানতে সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউটের কাউন্সেলরের সঙ্গে কথা বললেই বুঝতে পারবেন।

এই কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC /WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। এছাড়া এই কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের। পাশাপাশি এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে।

যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে।

এই সমস্ত তথ্যাবলী আরো সঠিকভাবে জানতে হলে কলেজের এই নম্বরগুলিতে ফোন করে কাউন্সেলরদের সঙ্গে কথা বলে কেরিয়ারটা সুদৃঢ় করতে পারবেন : 8759717177, 8240990039. ইনস্টিটিউটের ওয়েবসাইট : https://skni.ac.in থেকেও সবকিছু জানতে পারেন।

## মহারাষ্ট্র ব্যাঙ্কে ৬০০

১ পাতার পর

হরিয়ানা -১২, হিমাচল প্রদেশ -৩, জম্মু ও কাশ্মীর -২, ঝাড়খন্ড -৮, কর্ণাটক -২১, কেরল-১৩, মধ্য প্রদেশ -৪৫, মহারাষ্ট্র -২৭৯, দিল্লি (এন.সি.টি.) ১৩, ওড়িশা -১৩, পুদুচেরী -১, পঞ্জাব-১২, রাজস্থান -১৪, তামিলনাড়ু-২১, তেলেঙ্গানা -১৬, উত্তর প্রদেশ -৩২, উত্তরাখন্ড -৪।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর রাজ্যভিত্তিক মেধা তালিকা তৈরি হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : AX1/ST/RP/Apprentices/ Notification/2024-25, Date: 11-10-2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://bankofmaharashtra.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I....... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১৫০ (তপশিলী হলে ১০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## রেলের পরীক্ষা শুরু

১ পাতার পর

ডিসেম্বর পর্যন্ত। এই পদে শূন্যপদ আছে ৪৫২টি। অনলাইনে দরখাস্ত নেওয়া হয়েছিল এবছর ১৪ মে পর্যন্ত।

(গ) বিজ্ঞপ্তি নং CEN 02/2024-এর টেকনিশিয়ান পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ১৬ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত। এই পদে শূন্যপদ বেড়ে হয়েছে ১৪,২৯৮টি। দরখাস্ত নেওয়া হয়েছিল ১৬ অক্টোবর পর্যন্ত।

(ঘ) বিজ্ঞপ্তি নং CEN 03/2024-এর জুনিয়র ইঞ্জিনিয়ার, সি.এম.এ., মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ৬ ডিসেম্বর থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত। এই পদে শূন্যপদ আছে ৭,৯৫১টি। অনলাইনে দরখাস্ত নেওয়া হয়েছিল এবছর ২৯ আগস্ট পর্যন্ত।

প্রতিটি পদের পরীক্ষার ১০ দিন আগে থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন, সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে। আধার লিঙ্ক বায়োমেট্রিক ভেরিফিকেশনের জন্য প্রার্থীদের এই ওয়েবসাইটে গিয়ে আপডেট করতে হবে : www.rrbapply.gov.in

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430


## WBCS, SSC, রেল ও ব্যাঙ্কে চাকরির সেরা প্রতিষ্ঠান ICE Academy

সরকারি চাকরির সেরা প্রতিষ্ঠান কলকাতার ICE Academy বিগত কয়েক বছরে এখানকার সাফল্য নজর কাড়ে। এখানে WBCS, SSC (CGL, CHSL, MTS), রেল, ব্যাঙ্ক ইত্যাদি কোর্সের নতুন ব্যাচে ভর্তি চলছে। এছাড়াও, রেল-সহ অন্যান্য সরকারি ক্ষেত্রের বিভিন্ন টেকনিক্যাল পদে চাকরির জন্য প্রস্তুতি চলছে। প্রতিটি কোর্সের জন্য আলাদা ব্যাচ। অফলাইন ও অনলাইন দু'টি পদ্ধতিতেই পড়ানো হয়। প্রতিটি বিষয়ের জন্য আলাদা ফ্যাকাল্টি, উন্নত কমনযোগ্য নোটস, মক টেস্ট ইত্যাদি নিয়মিতভাবে করানো হয়। কোন প্রার্থী কোন কোর্সে ভর্তি হলে তাড়াতাড়ি সরকারি চাকরির সুযোগ পাবেন, সে বিষয়ে আগে কাউন্সেলিং করে তবেই ভর্তি করানো হয়। ভর্তির জন্য সরাসরি ফোন করুন কিংবা অফিসে আসুন। ঠিকানা : ICE Academy, বালিগঞ্জ, কলকাতা -৭০০ ০১৯। ফোন : 9804412898, 8597355667.



সরকারি ও বেসরকারি শিক্ষামূলক প্রকল্পে কাজের জন্য

## প্রতিটি জেলায় ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর নেওয়া হচ্ছে

**নিজস্ব প্রতিনিধি :** সরকারি ও বেসরকারি শিক্ষামূলক প্রকল্পে কাজের জন্য NCSM Foundation পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর নিচ্ছে। গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট বা, এম.বি.এ পাশ ছেলেমেয়েরা যোগাযোগ করতে পারেন। এডুকেশনাল ইনস্টিটিউটে কাজের অভিজ্ঞতা থাকলে বিশেষ অগ্রাধিকার পাবেন। মাইনে আকর্ষণীয়। এছাড়া অন্যান্য সুযোগ-সুবিধা আছে। সত্বর বায়োডাটা মেল করুন এই আই.ডি-তে ncsmho.gov1@gmail.com । এছাড়াও যোগাযোগ করতে পারেন এই নম্বরে : 9434666543.



**THE NATIONAL SMALL INDUSTRIES CORPORATION LTD.**
**TECHNICAL SERVICES CENTRE**
(A Govt. of India Enterprise, MINISTRY OF MSME)
JAPANIGATE, BALITIKURI, HOWRAH - 711 113, WEST BENGAL
Phone: 9038396563, 8134994989, 8777828421

**FREE TRAINING PROGRAMME** under "Assistance to training institutions" scheme of Ministry of MSME FOR 2024-25 for all SC/ST & OTHER CATEGORIES (FIRST COME FIRST SERVE BASIS).

Courses-

| Sl.No. | Name of Programme | Eligibility | Hours |
|---|---|---|---|
| 1. | SOLAR POWER INSTALLATION-OPERATION & MAINTENANCE | 10 +2, Diploma / Any Graduates | 80 |
| 2. | ADVANCED INTEGRATED ENTREPRENEURSHIP DEVELOPMENT PROGRAMME (Pet bottle, Toilet paper, soya milk, Tailoring etc.) manufacturing courses | Literate/ 18 years | 180 |
| 3. | Foundation course in IOT | Polytechnic Diploma/ITI/ Graduate/in Electronics/ Electrical/Computer Science/IT | 90 |
| 4. | DIGITAL MARKETING ASSISTANT | 10+2/ ITI or equivalent with basic knowledge of computer | 144 |
| 5. | COURSE ON COMPUTER CONCEPTS | 10+2/ ITI or equivalent with basic knowledge of computer | 80 |

Documents required(self attested photocopies)- Adhar Card, Education Certificate, PAN Card, Caste Certificate and 3 Photos, Last date of admission- 01.11.2024, CLASS STARTS FROM 04.11.2024



**গত বছরের মতো 'এ' বছরেও**

- PSC ক্লার্কশিপ পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
- RPF কনস্টেবল, রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, NTPC ও জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়
- ৮ কেন্দ্রীয় বাহিনী পরীক্ষায়

'Common' পেতে

আর

সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য    সাফল্য সাধারণ জ্ঞান

হেল্প লাইন : 6291684943

চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন

# টিফিন পরিষেবা

ব্যবসা

১ পাতার পর



সুকৃৎ বসু

বাইরে থেকে খাবার আনিয়ে খাওয়ার এই নতুন প্রবণতার যুগে একই সঙ্গে বদলে যাচ্ছে রেস্তঁরা বা টিফিন ব্যবসার ধরনও। এমন অনেক রেস্তঁরা আছে, যার আছে শুধু রান্নাঘর আর স্টোর রুম। কর্মী বলতে শুধু রাঁধুনি আর তার সহযোগী। এসব জায়গায় বসে খাওয়ার কোনো ব্যবস্থা নেই। কারণ এসব রেস্তঁরায় অর্ডার আসে অনলাইনের মাধ্যমে। খদ্দেরের কাছে খাবার পৌছে দেয় ফুড অ্যাগ্রিগেটর বা ডেলিভারি ম্যানরা। এর ফলে এখন রেস্তঁরা ব্যবসা হয়ে গেছে অনেকটাই সহজ ও ঝামেলা মুক্ত।

ভারতের এক প্রিয় রান্নার ঐতিহ্যর সম্প্রতি অসাধারণ পুনরুত্থান দেখা গেছে। বাড়িতে তৈরি খাবার, ভালোবাসার সঙ্গে তৈরি করা পুষ্টিকর আর সুবিধাজনক খাবার খুঁজছেন যাঁরা, তাঁদের কাছে পৌছে দেওয়া।

আধুনিক ভারতের দ্রুতগতির শহুরে ল্যান্ডস্কেপে টিফিন পরিষেবার চাহিদা বেড়েছে। ব্যস্ত সময়সূচিতে স্বাস্থ্যকর জীবনধারার অনেকে খোঁজে এমন টিফিন পরিষেবা বেছে নিচ্ছেন, যা বিভিন্ন ধরনের সুষম, ঘরে তৈরি খাবার সরবরাহ করে থাকে। এই পরিষেবা শুধুমাত্র সময় বাঁচায় না বরং খাদ্যতালিকাগত পছন্দও পূরণ করে, যাতে রান্নার ঝামেলা ছাড়াই সুস্বাদু আর পুষ্টিকর খাবার উপভোগ করা যায়।

এই ব্যবসা শুরু করার সময় রন্ধন সম্পর্কীয় উদ্যোগের সূক্ষ্মতা অন্বেষণ করতে হবে —

### বাজার গবেষণা

**(১) মেনু, দাম ঠিক করা ও প্রতিযোগিতা :** বাজার গবেষণা এই উদ্যোগের ভিত্তি তৈরি করে। এই গবেষণা আপনাকে বাজারে ফাঁক শনাক্ত করতে, আপনার অফারের চাহিদা মূল্যায়ণ করতে আর মূল্য নির্ধারণ ও প্রতিযোগিতার বিষয়ে সচেতন পছন্দ করতে সহায়তা করে। বাজার সম্পর্কে গভীর ধারণা না থাকলে ব্যর্থতার ঝুঁকি বাড়ায়।

**(২) আপনার লক্ষ্য খদ্দের শনাক্তকরণ :** এই ব্যবসার সাফল্য আপনার সঠিক খদ্দের শনাক্ত করা ও তাদের সঙ্গে সংযোগ স্থাপন করার ক্ষমতার ওপর নির্ভর করে। বয়স, লিঙ্গ, পেশা আর অবস্থান সহ জনসংখ্যার ওপর ভিত্তি করে বাজারকে ভাগ করে নিতে হবে।

**(৩) খদ্দেরের পছন্দ খোঁজা :** আপনাকে বুঝতে হবে সঠিক খদ্দের কী ধরনের রান্না পছন্দ করেন, তাঁদের বাজেট কী? মূল্যবান অন্তর্দৃষ্টি সংগ্রহ করতে সমীক্ষা, ফোকাস গ্রুপ বা অনলাইন গবেষণা চালাতে হবে।

**(৪) বাজারের অন্তর্দৃষ্টির সঙ্গে খাপ খাইয়ে নিন :** বাজারের গবেষণা এককালীন প্রচেষ্টা নয়। এ এক চলমান প্রক্রিয়া। ক্রমাগত বাজারের প্রবণতা নিরীক্ষণ করতে হবে। খদ্দেরদের প্রতিক্রিয়া সংগ্রহ করুন আর এই ব্যবসাকে ক্রমবর্ধমান পছন্দের সঙ্গে খাপ খাইয়ে নিতে হবে।

আইনি প্রয়োজনীয়তা

ভারতে হোম ভিত্তিক টিফিন পরিষেবা শুরু করার জন্য খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্যবিধি আর কিছু আইনি আর নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা জড়িত —

(১) FSSAI রেজিস্ট্রেশন, (২) GST নিবন্ধন, (৩) ব্যবসায় নিবন্ধন, (৪) RWA / সোসাইটি অ্যালাইনমেন্ট, (৪) স্বাস্থ্যবিধি আর নিরাপত্তা মান।

### ব্যবসায়িক পরিকল্পনা

এই ব্যবসায় সাফল্যের জন্য একটি সুগঠিত ব্যবসায়িক পরিকল্পনা অপরিহার্য।

(১) মূল্য নির্ধারণের কৌশল।

**(২) প্রতিযোগিতামূলক মূল্য :** মৌলিক খাবারের প্যাকেজ অফার করার কথা বিবেচনা করা দরকার। সাধারণ খাবার পিছু ৮০ থেকে ১০০ টাকা পর্যন্ত।

**(৩) কাস্টমাইজেশন প্রিমিয়াম :** কিছু খদ্দের কাস্টমাইজেশন আর মানের জন্য খাবার প্রতি ১৫০ টাকা পর্যন্ত বেশি দিতে ইচ্ছুক। যাঁরা ব্যক্তিগতভাবে ডাইনিং অভিজ্ঞতা চান, তাঁদের জন্য প্রিমিয়াম খাবারের বিকল্প অফার করতে পারেন।

**(৪) নামমাত্র বা বিনামূল্যে ডেলিভারি :** খদ্দের টানতে আর ধরে রাখতে, আপনার রান্নাঘর থেকে ০-৩ কিলোমিটারের মতো যুক্তিসঙ্গত ব্যাসার্ধের মধ্যে প্রতি ডেলিভারিতে নামমাত্র ডেলিভারি চার্জ বা বিনামূল্যে ডেলিভারি অন্তর্ভুক্ত করার কথা বিবেচনা করতে পারেন।

**(৫) মেনু পরিকল্পনা :** বৈচিত্রময় মেনু / রোটেশনাল মেনু / মৌসুমী অফার।

**(৬) অনলাইন উপস্থিতি :** জাস্ট ডায়াল আর অনলাইন প্ল্যাটফর্মে আপনার এই টিফিন পরিষেবা ব্যবসা তালিকাভুক্ত করুন।

(৭) ডেলিভারি লজিস্টিকস।

**(৮) গুণমানের নিশ্চয়তা :** স্বাস্থ্যবিধি আর খাদ্য নিরাপত্তা।

**(৯) খদ্দেরদের প্রতিক্রিয়া ও উন্নতি :** ফিডব্যাক মেকানিজম।

**(১০) রান্নাঘর সেট আপ ও সরঞ্জাম :** এই ব্যবসার জন্য একটি হোম রান্নাঘর সেট আপ করতে হবে। **রান্নার যন্ত্রপাতি :** দক্ষ রান্নার জন্য দরকারি গ্যাসের চুলো, ইন্ডাকশন ওভেন, মাইক্রোওয়েভ ওভেন ইত্যাদি ব্যবস্থা রাখতে হবে।

(১১) প্যাকেজিং পাত্র ও ডেলিভারির ব্যবস্থা।

### এই ব্যবসা কতটা লাভজনক ব্যবসা

এই ব্যবসায় বিনিয়োগের ওপর অন্তত ২৫% লাভ করা যায়।

### ঘরে বসে এই ব্যবসা শুরু করা কি সম্ভব

এই ব্যবসা বাড়ি থেকে চালানো যেতে পারে। এমনকী, এটি বেশিরভাগ বাড়িতেই চালানো হয়।

### কত বিনিয়োগ দরকার

নিজের বাড়িতে শুরু করলে খরচ হতে পারে প্রায় ১ লাখ টাকা।

কিন্তু বাণিজ্যিক রান্নাঘর স্থাপন করে শুরু করলে খরচ হতে পারে ৫ লাখ টাকা পর্যন্ত।

### উপসংহার

এ ধরনের ব্যবসা আজকাল জনপ্রিয়তা পাচ্ছে আর লাভজনক যে তাতে সন্দেহ নেই। তবে প্রথমে বাড়ি থেকে শুরু করে অভিজ্ঞতা বাড়িয়ে বাণিজ্যিক রান্নাঘরে করাই সমীচীন। যাঁরা রন্ধনশিল্প ভালোবাসেন, তাঁদেরই এব্যবসা করা শ্রেয়।

## অস্ত্র তৈরির কারখানায়

১ পাতার পর

যে কোনো একটি ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদনের যোগ্য। শূন্যপদ : ২,৫৭৬টি।

**বয়স :** সব ক্ষেত্রে বয়স হতে হবে দরখাস্ত করার শেষ তারিখের হিসাবে ১৪ থেকে ৩৫ বছরের মধ্যে।

তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে যত বছরের কোর্স পড়েছেন তত বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোনোরকম দৈহিক ত্রুটি থাকলে আবেদন করবেন না। ট্রেনিংয়ের মেয়াদ ৩ বছর বা, ট্রেড অনুযায়ী ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। তখন স্টাইপেন্ড পাবেন প্রথম বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৭০%। দ্বিতীয় বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর নূনতম বেতনের ৮০%। তৃতীয় বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৯০%। এই স্টাইপেন্ড নিলে অন্য কোনো স্টাইপেন্ড পাবেন না।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯৫ সালের ডি.এ. আইনানুযায়ী এই ট্রেনিং দেওয়া হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য কিছু সীট সংরক্ষিত।

ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলার সময় ডাক্তারি খরচ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এক্স-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিক ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে ফ্যাক্টরিভিত্তিক, ক্যাটেগরিভিত্তিক তালিকা তৈরি হবে। নন-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা নেবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : http://www.yantraindia.co.in, www.apprenticeship.gov.in অনলাইনে দরখাস্ত করতে পারবেন অক্টোবর মাসের চতুর্থ সপ্তহ থেকে। কবে থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে, কোন অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ক'টি শূন্যপদ ইত্যাদি বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন। যাঁরা অ্যাপ্রেন্টিস ট্রেনিংয়ের জন্য www.apprenticeship.gov.in এই ওয়েবসাইটে দরখাস্ত করেছেন, তাঁদের বেলায় নতুন করে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটে : http://www.yantraindia.co.in

## কোচিন শিপইয়ার্ডে ৩০৭

১ পাতার পর

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ফিটার, ওয়েল্ডার, মেশিনিস্ট, ইলেক্ট্রনিক মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ড্রাফটসম্যান (মেকা), ড্রাফটসম্যান (সিভিল), পেইন্টার (জেনারেল) / পেইন্টার (মেরিন), মেকানিক মোটর ভেহিক্যাল, শীট মেটাল ওয়ার্কার, শিপরাইট উড / কার্পেন্টার / উড ওয়ার্ক টেকনিশিয়ান, মেকানিক ডিজেল, পাইপ ফিটার / প্লাম্বার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক / রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং টেকনিশিয়ান, মেরিন ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিশিয়ান-৪২টি, ফিটার-৩২টি, ওয়েল্ডার-৪২টি, মেশিনিস্ট-৮টি, ইলেক্ট্রনিক মেকানিক-১৩টি, ইন্সট্রুমেন্ট মেকানিক-১২টি, ড্রাফটসম্যান (মেকা)-৬টি, ড্রাফটসম্যান (সিভিল)-৪টি, পেইন্টার (জেনারেল) / পেইন্টার (মেরিন)-৮টি, মেকানিক মোটর ভেহিক্যাল-১০টি, শীট মেটাল ওয়ার্কার-৪১টি, শিপরাইট উড / কার্পেন্টার / উড ওয়ার্ক টেকনিশিয়ান-১৮টি, মেকানিক ডিজেল-১০টি, পাইপ ফিটার / প্লাম্বার-৩২টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক / রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং টেকনিশিয়ান-১টি, মেরিন ফিটার-২০টি।

ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন / অ্যাকাউন্টস এক্সিকিউটিভ, বেসিক নার্সিং অ্যান্ড পাল্লিয়াটিভ কেয়ার / জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট / অফিস অপারেশন এক্সিকিউটিভ, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স টেকনোলজি / ইলেক্ট্রিশিয়ান ডোমেস্টিক সলিউশান, ফুড অ্যান্ড রেস্টুরেন্ট ম্যানেজমেন্ট / ক্র্যাফট বেকার ট্রেড নিয়ে পাশ করে থাকলে 'টেকনিশিয়ান (ভোকেশনাল) অ্যাপ্রেন্টিস' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ৮টি। অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন / অ্যাকাউন্টস এক্সিকিউটিভ-১টি, বেসিক নার্সিং অ্যান্ড পাল্লিয়াটিভ কেয়ার / জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট-১টি, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট / অফিস অপারেশন এক্সিকিউটিভ -২টি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স টেকনোলজি / ইলেক্ট্রিশিয়ান ডোমেস্টিক সলিউশান-১টি, ফুড অ্যান্ড রেস্টুরেন্ট ম্যানেজমেন্ট / ক্র্যাফট বেকার-৩টি।

ওপরের সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ২৩-১০-২০২৪'এর হিসাবে ন্যূনতম ১৮ বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CSL/P&A/APPE/SEL. Designtd/Designated / 2022/2, date: 09 Oct. 2024.

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ২৩ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.cochinshipyard.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কোল ফিল্ডে ১,২১৮

১ পাতার পর

মেকানিক (ডিজেল), ওয়্যারম্যান, ড্রাফটসম্যান (সিভিল), পাম্প অপারেটর কাম মেকানিক, টার্নার, মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। স্টাইপেন্ড ১ বছরের আই.টি.আই. পাশদের বেলায় ৭,৭০০ টাকা ও ২ বছরের আই.টি.আই. পাশদের বেলায় ৮,০৫০ টাকা। শূন্যপদ : কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-১৭১টি, ফিটার-২২৯টি, ইলেক্ট্রিশিয়ান-২৫১টি, ওয়েল্ডার-৬২টি, ওয়্যারম্যান-১৯টি, সার্ভেয়র-১৮টি, মেকানিক ডিজেল -৩৯টি, ড্রাফটসম্যান (সিভিল)-৭টি, মেশিনিস্ট-৯টি, টার্নার-১৭টি, পাম্প অপারেটর কাম মেকানিক-১৯টি।

**ফ্রেশার ট্রেড অ্যাপ্রেন্টিস :** মাধ্যমিক পাশরা 'ফ্রেশার ট্রেড অ্যাপ্রেন্টিস (সিকিউরিটি গার্ড)'এর জন্য আবেদন করতে পারেন। শূন্যপদ : ৬১টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড ৯,০০০ টাকা। শূন্যপদ : ১০১টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস :** মাইনিং ইঞ্জিনিয়ারিং বা, মাইনিং অ্যান্ড মাইন সার্ভেয়িংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ২১৫টি।

ওপরের সব ক্ষেত্রেই বয়স হতে হবে ২৮-১০-২০২৪'এর হিসাবে ন্যূনতম ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১২ মাসের ট্রেনিং।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বিজ্ঞপ্তিনং : WCL/HRD/Noti / Gr. Tech . Appr / 2024-25/39, Dated: 08/10/2024. আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ও ফ্রেশার অ্যাপ্রেন্টিস পদের বিজ্ঞপ্তি নং : WCL/HRD/Noti / Trade Appr / 2024-25/40, Dated: 08/10/2024.

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ও ফ্রেশার অ্যাপ্রেন্টিস পদের বেলায় দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.apprenticeship.india.org

অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২৮ অক্টোবর। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৯০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ১-১০-২০২১ বা, তারপর। বয়স হতে হবে ১-১০-২০২৪'এর হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলী ও প্রতিবন্ধীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১২,৫০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যালে ৩০টি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং -২০টি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ৩০টি, সিভিল ১০টি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৪ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nats.education.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, আধার কার্ড, শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউনিক রেজিস্ট্রেশন নম্বর পাবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## বিমা সংস্থায় ২০০ অফিসার

১ পাতার পর

৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা রিস্ক ম্যানেজমেন্ট বা, রিস্ক ম্যানেজমেন্ট (পি.জি.ডি.এম) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১০টি।

**অটোমোবাইল ইঞ্জিনিয়ার্স** : মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের এম.ই. বা, এম.টেক. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২০টি।

**লিগ্যাল** : মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে আইনের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। আইনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২০টি।

**ফিনান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট** : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে বি.কম. পাশরা আবেদন করতে পারেন। এম.কম. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২০টি ।

**কেমিক্যাল ইঞ্জিনিয়ার্স / মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ার্স** : মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে মেকাট্রনিক্স বা, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মেকাট্রনিক্স বা, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের এম.ই. বা, এম.টেক. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ১০টি।

**ডাটা অ্যানালিটিক্যাল স্পেশালিস্ট** : মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, আই.টি, ডাটা সায়েন্স, অ্যাকচুয়ারিয়াল সায়েন্স-এর গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। স্ট্যাটিস্টিক্স, ডাটা সায়েন্স, অ্যাকচুয়ারিয়াল সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েট কিংবা এম.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ২০টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩০-৯-২০২৪'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৯৪ থেকে ৩০-৯-২০০৩'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫০,৯২৫-৯৬,৭৬৫ টাকা। শুরুতে মেট্রো শহরের চাকরি হলে মোট মাইনে মাসে প্রায় ৮৮,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৪ ডিসেম্বর। জেনারেলিস্ট পদের বেলায় ২৫০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) রিজনিং-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস (ফিনান্সিয়াল সেক্টর স্পেশালাইজেশন হিসাবে) -৫০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঙ) কম্পিউটার নলেজ - ৪০ নম্বরের ২০ টি প্রশ্ন। সময় থাকবে ১৫০ মিনিট।

স্পেশালিস্ট পদের বেলায় ২৫০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) রিজনিং-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস (ফিনান্সিয়াল সেক্টর স্পেশালাইজেশন হিসাবে) -২০ নম্বরের ২০টি প্রশ্ন, (ঙ) কম্পিউটার নলেজ - ২০ নম্বরের ৩০ টি প্রশ্ন, (চ) পেশাগত জ্ঞানের ওপর ১২০ নম্বরের ৬০টি প্রশ্ন। সময় থাকবে ১৫০ মিনিট।

জেনারেলিস্ট ও স্পেশালিস্ট — দুই ক্ষেত্রেই সফল হলে ৩০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের টেস্ট হবে। এই টেস্টে চিঠি লেখায় ১০ নম্বর, প্রবন্ধ লেখায় ২০ নম্বর থাকবে। সময় থাকবে ৩০ মিনিট। এরপর হবে ইন্টারভিউ। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে: পশ্চিমবঙ্গ : কলকাতা/ গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি। অসম : ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর। ত্রিপুরা : আগরতলা। ঝাড়খন্ড : জামশেদপুর, রাঁচী। ওড়িশা : বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা। বিহার : ভাগলপুর, গয়া, পটনা।

দরখাস্ত করবেন অনলাইনে ৫ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.uiic.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন 'I------(Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা (তপশিলী ও প্রতিবন্ধী হলে ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এরপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে সেনাবাহিনীতে চাকরি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি** : ভারতীয় স্থলবাহিনী বিনা খরচায় ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পড়িয়ে (১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিম কোর্সে-TES-53) লেফটেন্যান্ট পদে চাকরি দিচ্ছে। শুরুতে 'ক্যাডেট' হিসাবে ট্রেনিং। ৩ বছর পরই মাসে ৫৬,১০০ টাকা করে স্টাইপেন্ড পাবেন। তারপর চতুর্থ বছরের পরীক্ষায় সফল হলে একদিকে যেমন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন, অন্যদিকে তেমন লেফটেন্যান্ট পদে স্থায়ী চাকরি।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ২০২৪ সালের জে.ই.ই. (মেনস) পরীক্ষা দিয়ে থাকতে হবে।

বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-২০০৬ থেকে ১-১-২০০৯'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় ১৫২-১৮৩ সেমি আর ওজন হতে হবে ৪৩-৬৮ কেজি। বুকের ছাতি ৫ সেমি প্রসারণ ক্ষম থাকা দরকার। এছাড়া শারীরিক সুস্থতা থাকতে হবে। মোট ৫ বছরের ট্রেনিং। এর মধ্যে প্রথমে ১ বছর বেসিক মিলিটারি ট্রেনিং হবে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে। সফল হলে ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিং হবে পুণের কলেজ অফ মিলিটারি ইঞ্জিনিয়ারিংয়ে, সেকেন্দরাবাদের মিলিটারি কলেজ অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স ও মোহৌয়ের মিলিটারি কলেজ অফ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে। এরপর ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের পোস্ট কমিশন ট্রেনিং হবে। সফল হলে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন। ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। ৪ বছরের ট্রেনিং শেষে 'লেফটেন্যান্ট' র‍্যাঙ্কে চাকরি। তখন মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। এরপর ধাপে ধাপে লেফটেন্যান্ট জেনারেল পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে। শূন্যপদ : ৯০টি। ট্রেনিং শুরু আগামী বছর জুলাইয়ে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউ হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে ফেব্রুয়ারি-মার্চে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in

অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। এবার এই অ্যাপ্লিকেশনের ১ কপি নিজের কাছে রেখে দেবেন। আরেক কপির সঙ্গে যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল আর ২০ কপি পাশপোর্ট মাপের ফটো নিয়ে প্রার্থী বাছাই পরীক্ষার সময় যেতে হবে। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## টেরিটোরিয়াল আর্মিতে

১ পাতার পর

(ওয়াশারম্যান), সোলজার (কুক মেস), সোলজার (ইক্যুইপমেন্ট রিপেয়ার), সোলজার (ক্লার্ক), সোলজার (সেফ), সোলজার (হেয়ার ড্রেসার), সোলজার (টেলর), সোলজার (চিফ স্পেশাল), সোলজার (আর্টিজন মেটালার্জি) পদে ৩৮৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সোলজার জেনারেল ডিউটি** : মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য।

**সোলজার ক্লার্ক** : আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

**সোলজার ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ) (হাউসকীপার ও মেস কীপার ছাড়া)** : মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য।

**সোলজার ট্রেডসম্যান (হাউসকীপার ও মেস কীপার)** : ক্লাস এইট পাশ ছেলেরা প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% নম্বর পেয়ে থাকলে যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪২ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি। শূন্যপদ : সোলজার (জেনারেল ডিউটি)-৩২৮টি, সোলজার (হাউসকীপার)-১১, সোলজার (ওয়াশারম্যান)-১০, সোলজার (কুক মেস)-২, সোলজার (ইক্যুইপমেন্ট রিপেয়ার)-২, সোলজার (ক্লার্ক)-৭, সোলজার (সেফ)-১৭, সোলজার (হেয়ার ড্রেসার)-৯, সোলজার (টেলর)-১, সোলজার (চিফ স্পেশাল)-১, সোলজার (আর্টিজন মেটালার্জি)-১।

প্রার্থী বাছাইয়ের র‍্যালি হবে ১৪ থেকে ২১ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : ৭ অসম পুলিশ ব্যাটিলিয়ন গ্রাউন্ড, চাড়াইখোলা, কোকড়াঝাড় (অসম)। নদিয়া, হুগলি, হাওড়া, কলকাতা, উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১৪ নভেম্বর। পশ্চিম বর্ধমান ও পূর্ব বর্ধমান জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১৫ নভেম্বর। পশ্চিম মেদিনীপুর ও পূর্ব মেদিনীপুর জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১৬ নভেম্বর। বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১৭ নভেম্বর। উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১৮ নভেম্বর। মালদা ও মুর্শিদাবাদ জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১৯ নভেম্বর। দার্জিলিং, কালিম্পং ও জলপাইগুড়ি জেলার প্রার্থীদের র‍্যালি হবে ২০ নভেম্বর। কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার প্রার্থীদের র‍্যালি হবে ২১ নভেম্বর।

প্রার্থী বাছাইয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এই সব প্রমাণ পত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ২ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলা শাসক, অতিরিক্ত জেলা শাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভিটি সার্টিফিকেট,

(৫) জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমন ভাবে মারবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) এস.ডি.এম. বা, তহশিলদার মর্যাদার অফিসারের দেওয়া রিলিজিয়ন সার্টিফিকেট।

(৮) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো ও তার নেগেটিভ (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে) (কম্পিউটার ফটো বা, ডিজিটাল ফটো হলে বাতিল হবে)।

(৯) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (১০) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধুলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।

(১১) নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে (১০ টাকার) নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।

(১২) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান নম্বর ও আধার নম্বর।

বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.jointerritorialarmy.gov.in

ADMISSION NOTICE
B.Ed
(2024-2026)
Special Facility For Working Students
Approved by NCTE, Affiliated to BSAEU
B.B.T Road, Maheshtala, Kolkata - 141 (Near Taratala)
Ph: 7980997539 / 98304 92683
George College (Department of Education)
A Unit of The George Telegraph Group
A Heritage in Education Since 1920

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৬০০/- টাকা ৩০০/- টাকা
সাফল্য
সাফল্য

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৭ আগস্ট :** কলেরার মুখে নেওয়ার টিকা তৈরি করল 'ভারত বায়োটেক ইন্টারন্যাশনাল লিমিটেড'। 'হিলেম্যান ল্যাবরেটরি'র সহযোগিতায় এই টিকা তৈরি করেছে তারা। এই নতুন টিকাটির নাম 'হিলচল (বিবিভি ১৩১)'। যদিও, এখনও পর্যন্ত শুধু প্রাণীদেহেই পরীক্ষা করা হয়েছে টিকাটি। তবে, প্রথম ডোজ নেওয়ার পরই দেখা গিয়েছে, কলেরার সংক্রমণ কমানোর ক্ষমতা রয়েছে এই টিকার। ১৪ দিনের ব্যবধানে দু'টি ডোজ দেওয়া হবে এই টিকার। কেন্দ্রীয় ড্রাগ নিয়ামক সংস্থার অনুমোদন পেলে দেশের বাজারে নিয়ে আসা হবে এই টিকা।



মাত্র ৫ বছর বয়সে, আফ্রিকার সর্বোচ্চ শিখর 'মাউন্ট কিলিমাঞ্জারো'র চূড়ায় আরোহণ করে রেকর্ড গড়ল পঞ্জাবের রোপারের বাসিন্দা তেগবীর সিং।

এটি তাঞ্জানিয়ায় ১৯,৩৪০ ফুটেরও (৫,৮৯৫ মিটার) বেশি উচ্চতায় অবস্থিত। তেগবীর ই হল সবথেকে কম বয়সি এশিয়ান, যে মাত্র ৫ বছর বয়সেই মাউন্ট কিলিমাঞ্জারো জয় করেছে। ১৮ আগস্ট যাত্রা শুরু করে, ২৩ আগস্ট কিলিমাঞ্জারো পর্বতের সর্বোচ্চ বিন্দু উহুরু চূড়ায় পৌঁছে যায় সে।

**২৮ আগস্ট :** রেলওয়ে বোর্ডের প্রথম দলিত চেয়ারম্যান ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন সতীশ কুমার।

❑ নাগরিকত্ব (সংশোধনী) আইন (সিএএ)-এর অধীনে, গোয়ার প্রথম ব্যক্তি হিসাবে ভারতীয় নাগরিকত্ব পেলেন ৭৮ বছর বয়সি এক পাক-ই-স্তানি খ্রিস্টান জোসেফ ফ্রান্সিস পেরেইরা। এদিন, গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত ওই বৃদ্ধকে ভারতীয় নাগরিকত্বের শংসাপত্র হস্তান্তর করেন। স্বাধীনতার আগে ভারত থেকে পাক-ই-স্তানে গিয়েছিলেন ওই ব্যক্তি। পরে সেখানেই চাকরি পান। পেয়েছিলেন পাক নাগরিকত্ব। পরে, ২০১৩ সালে ভারতে ফিরে আসেন তিনি। মূলত দক্ষিণ গোয়ার পারোদা গ্রামের বাসিন্দা ছিলেন তিনি। এখন সপরিবারে কানসুয়ালিমে থাকেন তিনি।

❑ 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র তরফ থেকে, নেপালের প্রথম ও এশিয়ার দ্বিতীয় 'স্বাস্থ্যকর শহর' হিসাবে স্বীকৃতি পেল ধুলিখেল। এই স্বীকৃতি অর্জনের জন্য, ২০১৪ সাল থেকে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করেছে ধুলিখেল পুরসভা। এই স্বাস্থ্যকর শহরের জন্য বিভিন্ন সূচকে ৬৫.৪৮ পয়েন্ট স্কোর করে 'হু স্বাস্থ্যকর শহর নেটওয়ার্ক'এ যোগ দিয়েছে ধুলিখেল। নেপালের রাজধানী শহর কাঠমাণ্ডু থেকে প্রায় ১৮ মাইল দূরে কাভ্রেপালানচোক জেলায় অবস্থিত এই ধুলিখেল। স্বাস্থ্যে নাগরিকদের প্রবেশাধিকার, স্বাস্থ্য নীতি প্রণয়নে তাঁদের অংশগ্রহণ, পুষ্টি, শিশু স্বাস্থ্য, বিভিন্ন উদ্ভাবনী স্বাস্থ্য উদ্যোগ-সহ বিভিন্ন সূচকের ভিত্তিতে এই মূল্যায়ন করা হয়েছিল।

❑ সাসটেইনেবল ট্যুরিজম ফর লাইভলিহুড রিকভারি প্রোজেক্টে, 'প্যাসিফিক এশিয়া ট্র্যাভেল অ্যাসোসিয়েশন' গোল্ড পুরস্কার পেল নেপাল পর্যটন বোর্ড। এই তৃতীয়বারের মতো (২০২২ ও ২০২৩ সালের পর), সম্প্রদায়-ভিত্তিক পর্যটনে প্যাটা পুরস্কার পেল নেপাল পর্যটন। নেপালের সাতটি প্রদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও টেকসই পর্যটন উন্নয়নে প্রকল্পটির প্রচেষ্টাকে স্বীকৃতি দেয়া এই পুরস্কার। করোনা অতিমারির পর থেকে এই প্রকল্পটি প্রায় ১০,০০০ কর্মসংস্থান তৈরি করেছে ও ৪,০০০ জনকে প্রশিক্ষণ দিয়েছে।

❑ যুক্তরাজ্যের প্রথম বিশ্ববিদ্যালয় হিসাবে, 'জাতীয় শিক্ষা নীতি ২০২০'র অধীনে ভারতে একটি ক্যাম্পাস স্থাপন করতে চলেছে 'সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়'। এদিন 'সাউদাম্পটন বিশ্ববিদ্যালয়'এর কাছে এই সংক্রান্ত চিঠি হস্তান্তর করেছে 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন'। গুরুগ্রামে এই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস স্থাপন করা হবে বলে মনে করা হচ্ছে। এই উদ্যোগটি ভারত ও যুক্তরাজ্যের মধ্যে শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্কের একটি সাক্ষ্য, যেখানে শিক্ষা একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। প্রসঙ্গত উল্লেখ্য, জাতীয় শিক্ষা নীতি আন্তর্জাতিকীকরণকে উৎসাহিত করে। এই নীতির লক্ষ্য হল, শিক্ষা ক্ষেত্রে ভারতকে বিশ্বব্যাপী নেতৃত্ব দানকারী হিসাবে প্রতিষ্ঠিত করা।

**২৯ আগস্ট :** 'সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন রাজবিন্দর সিং ভাট্টি।

❑ 'বর্ডার সিকিউরিটি ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন দলজিৎ সিং চৌধুরি।

❑ 'হারুন ইন্ডিয়া ধনী তালিকা' রিপোর্ট অনুযায়ী, ভারতের সবথেকে ধনী পরিবার হল 'আদানি গোষ্ঠী'র চেয়ারম্যান গৌতম আদানি ও তাঁর পরিবার। তাঁদের সম্পত্তির মোট মূল্য ১১.৬ লাখ কোটি টাকা। তাঁর সম্পদ ৯৫% বেড়েছে। গত এক বছরে আদানি পরিবার তাঁদের মোট সম্পদে ৫,৬৫,৫০৩ কোটি টাকা যোগ করেছে। আদানির পর এই তালিকায় রয়েছেন 'রিলায়েন্স'এর কর্ণধার মুকেশ আম্বানি ও তাঁর পরিবার। আম্বানি পরিবারের মোট সম্পদ ১০.১৫ লাখ কোটি টাকা, যা গত বছরের তুলনায় ২৫% বেড়েছে। তৃতীয় স্থানে রয়েছে 'এইচসিএল'এর প্রতিষ্ঠাতা শিব নাদার ও তাঁর পরিবার, যাঁদের মোট সম্পদের পরিমাণ ৩.১৪ লাখ কোটি টাকা। এই তালিকায় প্রথমবারের মতো ৩৩৪ জন বিলিয়নেয়রকে অন্তর্ভুক্ত করা হয়েছে, যাঁদের কোটি কোটি টাকার সম্পদ রয়েছে।

**৩০ আগস্ট :** গ্রাহকদের কেনাকাটার অভিজ্ঞতা বাড়াতে, ভারতে বিটা মোডে কৃত্রিম বুদ্ধিমত্তা কথোপকথনমূলক শপিং অ্যাসিস্ট্যান্ট 'রুফাস' চালু করল ই-কমার্স জায়ান্ট 'অ্যামাজন'। এটি কেনাকাটার চাহিদা, গ্রাহক পর্যালোচনা ও পণ্য সম্পর্কে গ্রাহকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে পারে। এছাড়া, ওই প্রসঙ্গের ওপর ভিত্তি করে পণ্য সম্পর্কে গ্রাহককে সুপারিশ করতে পারে, অনুষ্ঠান বা, উদ্দেশ্যের মতো বিভিন্ন থিম অনুসারে গ্রাহককে কেনাকাটা করার সুবিধা দেবে এই চ্যাটবট। এই সুবিধাটি শুধুমাত্র 'অ্যামাজন' মোবাইল অ্যাপে সীমিত সংখ্যক ব্যবহারকারীর জন্য চালু করা হয়েছে। এরপর ধীরে ধীরে ভারতে সব ব্যবহারকারীদের জন্য এটি উপলব্ধ হবে।

❑ এবছর নয়াদিল্লিতে, বিভিন্ন ক্ষেত্রের বিভিন্ন প্রতিভাবান ব্যক্তিদের মর্যাদাপূর্ণ 'ইয়ং লিডারস পুরস্কার' দিল 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'। এই সম্মানিতদের মধ্যে রয়েছেন বলিউড অভিনেতা আয়ুষ্মান খুরানা ও 'অলিম্পিক'এ সোনার পদক জয়ী তারকা নীরজ চোপড়া। চলচ্চিত্র জগতে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, 'বিনোদন' বিভাগে 'ইয়ং লিডারস ইউথ আইকন' পুরস্কার পেয়েছেন আয়ুষ্মান খুরানা। তিনি হলেন একমাত্র বলিউড অভিনেতা, যিনি এবছর এই সম্মান পেলেন। অন্যদিকে, অ্যাথলেটিক্সে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, 'ক্রীড়া' বিভাগে এই পুরস্কার পেলেন নীরজ চোপড়া।

❑ বাল্য বিবাহ নিষেধ (হিমাচল প্রদেশ সংশোধন) বিল, ২০২৪ পাস করল হিমাচল প্রদেশ বিধানসভা। এই বিলে, রাজ্যে মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স ১৮ বছর থেকে বাড়িয়ে ২১ বছর করার প্রস্তাব করা হয়েছে। এটি লিঙ্গ সমতাকে এগিয়ে নিয়ে যেতে ও মহিলাদের মধ্যে উচ্চ শিক্ষাকে উৎসাহিত করতে বাল্য বিবাহ নিষেধাজ্ঞা আইন, ২০০৬ (পিসিএমএ ২০০৬) সংশোধন করতে চায়। এই বিলটি ধ্বনি ভোটে পাস হয়েছে ও সম্মতির জন্য রাজ্যপাল শিব প্রতাপ শুক্লার কাছে পাঠানো হবে।

**১ সেপ্টেম্বর :** এবছর মর্যাদাপূর্ণ 'রামন ম্যাগসাইসাই পুরস্কার' পাচ্ছেন জাপানের বিখ্যাত চলচ্চিত্র পরিচালক তথা 'স্টুডিও ঘিবলি'র সহ-প্রতিষ্ঠাতা হায়াও মিয়াজাকি। এই পুরস্কারটি 'এশিয়ার নোবেল পুরস্কার' হিসাবেও পরিচিত। শিল্পকলায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তিনি। বিগত চার দশকেরও বেশি সময় ধরে তিনি ও তাঁর স্টুডিও সব বয়সি দর্শকদের জন্য অসাধারণ সব অ্যানিমেশন চলচ্চিত্র তৈরি করে আসছেন। মিয়াজাকি ছাড়াও, আরও তিনজন ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকেও এবছর এই পুরস্কার দেওয়া হবে। নভেম্বরে, ফিলিপিন্সের ম্যানিলায় এই পুরস্কার দেওয়া হবে।

❑ নয়াদিল্লিতে, সুপ্রিম কোর্টের নয়া পতাকা ও প্রতীক উন্মোচন করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এই নতুন পতাকায় রয়েছে ৩টি প্রতীক - অশোক চক্র, সুপ্রিম কোর্টের ভবন ও সংবিধানের বই। পতাকাটি নীল রঙের ও প্রতীকে দেবনাগরী লিপিতে লেখা আছে 'সুপ্রিম কোর্ট অফ ইন্ডিয়া' ও 'ইয়াতো ধর্মস্তো জয়ঃ', যার অর্থ হল 'যেখানে ধর্ম আছে, সেখানে বিজয়'। এই সংস্কৃত শ্লোকটি 'মহাভারত' থেকে নেওয়া হয়েছে।

**২ সেপ্টেম্বর :** এবছর 'হারুন ইন্ডিয়া রিচ লিস্ট' অনুযায়ী, চিনের রাজধানী শহর বেজিংকে পিছনে ফেলে, এশিয়ার সবথেকে ধনী শহর হয়ে গেল মুম্বই। ভারতের অর্থনৈতিক রাজধানী আগেই ছিল মুম্বই। এবার এশিয়ার 'বিলিয়নেয়রদের রাজধানী' হল ভারতের বাণিজ্য নগরী। সাম্প্রতিক সময়ে ৫৮ জন বিলিয়নেয়র বেড়েছে মুম্বইয়ে। সাম্প্রতিক সময়ে ভারতে ২৯% বিলিয়নেয়র বেড়েছে। অন্যদিকে, চিনে বিলিয়নেয়র ২৫% কমেছে বলে এই রিপোর্টে উল্লেখ করা হয়েছে। মুম্বইয়ের পর এই তালিকায় রয়েছে দিল্লি, যেখানে সাম্প্রতিক সময়ে ১৮ জন বিলিয়নেয়র বেড়েছে।

**৩ সেপ্টেম্বর :** শীর্ষস্থানীয় ফরাসি প্রসাধনী প্রস্তুতকারক সংস্থা "ল'রিয়াল প্যারিস"এর বৈশ্বিক প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট।

❑ প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী হিসাবে, ব্রুনেই সফরে গেলেন নরেন্দ্র মোদী। দুই দেশের মধ্যে দীর্ঘ ৪০ বছরের কূটনৈতিক সম্পর্ক থাকা সত্ত্বেও, এই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রী ব্রুনেই গেলেন। এই সফরে ব্রুনেই ও সিঙ্গাপুর যান তিনি। ব্রুনেই সফরে দেশটির সুলতান হাজি হাসানাল বলকিয়ার সঙ্গে বৈঠক করেন মোদী। সেই আলোচনায় প্রতিরক্ষা, মহাকাশ গবেষণা, দীর্ঘমেয়াদী এলএনজি সরবরাহ ও বাণিজ্য-সহ পারস্পরিক স্বার্থের সব ক্ষেত্রে অংশীদারিত্ব আরও জোরদার করার প্রতিশ্রুতি দিয়েছেন দু'জনেই।

❑ এই প্রথমবারের মতো নিজেদের আইনসভা কার্যক্রমে 'জিরো আওয়ার' চালু করল হিমাচল প্রদেশ বিধানসভা। সংসদীয় গণতন্ত্রে 'জিরো আওয়ার' অনুশীলন ভারতীয় সংসদের একটি উদ্ভাবন। এটি ষাটের দশকে লোকসভা ও রাজ্যসভায় চালু করা হয়েছিল ও এই অনুশীলনটি ধীরে ধীরে ভারতের রাজ্য বিধানসভাগুলিতে গৃহীত হচ্ছে। সংসদ ও রাজ্য বিধানসভার নিয়মে 'জিরো আওয়ার' শব্দটি কোথাও উল্লেখ নেই। এদিন বিধানসভার বাদল অধিবেশনের শুরুতে রাজ্য বিধানসভার কার্যক্রমে জিরো আওয়ার চালু করার ঘোষণা করেন অধ্যক্ষ কুলদীপ সিং পাঠানিয়া। প্রশ্নোত্তর শেষ হওয়ার পর দুপুর সাড়ে ১২টায় জিরো আওয়ার শুরু হয় ও তা চলে আধা ঘন্টা। রাজ্য বিধানসভায় প্রশ্নোত্তরের সময়কাল সকাল সাড়ে ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। জিরো আওয়ার হল সংসদীয় অধিবেশনে একটি অনুশীলন, যেখানে সদস্যরা সরকারি অ্যাজেন্ডায় তালিকাভুক্ত নয়, এমন জরুরি জনসাধারণের সমস্যাগুলি উত্থাপন করতে পারেন। তবে এ বিষয়ে অধ্যক্ষের অনুমোদন নিতে হবে সদস্যদের। কারণ, কোন বিষয়ে আলোচনার অনুমতি দেওয়া হবে, তা সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা অধ্যক্ষের রয়েছে।

❑ এবছর মুম্বইয়ে 'জাতীয় ই-গভর্ন্যান্স সম্মেলন'এ, 'জাতীয় ই-গভর্ন্যান্স স্বর্ণ পুরস্কার' পেল ২০২৩ সালে বারাণসীতে শুরু হওয়া 'ল্যাব মিত্র' উদ্যোগ। প্রশাসনিক সংস্কার ও ই-গভর্ন্যান্সে জেলা পর্যায়ের উদ্যোগের জন্য এই পুরস্কার দেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, একটি বেসরকারি ব্যাঙ্ক ও এনজিও'র সহায়তায় বারাণসীর জেলা প্রশাসনের মাধ্যমে শুরু করা 'ল্যাব মিত্র' নামে এই দক্ষ অনলাইন ল্যাব রিপোর্ট সিস্টেমের মাধ্যমে ২.৫ লাখেরও বেশি রোগী উপকৃত হচ্ছেন। এই পোর্টালের মাধ্যমে, সরকারি হাসপাতালের রোগীরা তাঁদের চিকিৎসকের প্রেসক্রিপশনের ভিত্তিতে ল্যাব পরীক্ষার জন্য নিবন্ধন করতে পারেন।

❑ সর্বসম্মতিক্রমে পশ্চিমবঙ্গ বিধানসভায় পাস হয়ে গেল ধর্ষণ বিরোধী 'অপরাজিতা বিল'। এই বিল অনুযায়ী, ধর্ষণের ঘটনায় এবার থেকে শাস্তি হিসাবে ফাঁসি দেওয়া হবে। শুধু তাই নয়, দ্রুত তদন্ত শেষ করা ও দ্রুত বিচারের কথাও রয়েছে এই বিলে। এই বিলটি এবার অনুমোদনের জন্য রাজ্যপাল ও রাষ্ট্রপতির কাছে যাবে। তাঁদের অনুমোদন পেলেই আইনে পরিণত হবে 'দা অপরাজিতা উইমেন অ্যান্ড চাইল্ড (ওয়েস্ট বেঙ্গল ক্রিমিনাল ল অ্যামেন্ডমেন্ট) বিল ২০২৪'।

**৪ সেপ্টেম্বর :** রাজ্যের পুলিশ বাহিনীতে মহিলাদের জন্য ৩৩% সংরক্ষণ বাধ্যতামূলক করে একটি গুরুত্বপূর্ণ নীতি পরিবর্তনের অনুমোদন দিল রাজস্থান রাজ্য মন্ত্রিসভা।

❑ নিজেদের 'হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড' প্রকল্পের জন্য এবছর মর্যাদাপূর্ণ 'সিএসআর টাইমস পুরস্কার' পেল জুয়েলারি সংস্থা 'মালাবার গ্রুপ'। তাদের এই 'হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড' প্রকল্পের লক্ষ্য হল, ৬৯টি ভারতীয় শহরে প্রতিদিন ৪১,০০০ খাবারের প্যাকেট ও জাম্বিয়ায় অতিরিক্ত ১০,০০০টি খাবারের প্যাকেট বিতরণ করার মাধ্যমে বিশ্বে ক্ষুধা মোকাবিলা করা। এই পুরস্কারটি কর্পোরেট সংস্থাগুলিকে দেওয়া একটি জাতীয় স্বীকৃতি, যারা জনগণের কল্যাণের ওপর ভিত্তি করে সামাজিক দায়বদ্ধতার ব্যতিক্রমী প্রতিশ্রুতি প্রদর্শন করে।

❑ মহারাষ্ট্রের লাতুর জেলার উদগীরে 'বিশ্বশান্তি বুদ্ধ বিহার'এর উদ্বোধন করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এই বুদ্ধ বিহারটি কর্ণাটকের কালবুর্গির বুদ্ধ বিহারের প্রতিরূপ। এটি ১৫ হেক্টর এলাকা জুড়ে বিস্তৃত। এখানে ১,২০০ মানুষের জন্য একটি ধ্যান কেন্দ্র রয়েছে ও এর প্রধান প্রবেশদ্বার 'সাঁচি স্তূপ'এর মাধ্যমে অনুপ্রাণিত।

**৫ সেপ্টেম্বর :** 'মরনি' (মাল্টিমোডাল রিপ্রেজেন্টেশন ফর ইন্ডিয়া) নামে একটি উচ্চাভিলাষী এআই প্রকল্প চালু করছে 'গুগল ডিপমাইন্ড'এর ইন্ডিয়া শাখা, যার লক্ষ্য হল ১২৫টি ভারতীয় ভাষা ও উপভাষাগুলিকে অন্তর্ভুক্ত করা। ভারত জুড়ে বিভিন্ন কথ্য ভাষাকে ডিজিটাল বিশ্বে অন্তর্ভুক্ত করা ও ওই ভাষাগুলিকে প্রত্যেককে শোনার সুযোগ করে দিতে এই প্রচেষ্টা করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতে অসংখ্য বিস্ময়কর ভাষা রয়েছে, যার মধ্যে ২২টি সরকারিভাবে স্বীকৃত।




ফুটবল কেরিয়ারে (ক্লাব ও আন্তর্জাতিক পর্যায় মিলিয়ে) ৯০০টি গোলের মাইলফলক ছুঁয়ে ফেললেন পর্তুগালের তারকা ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। ইতিহাসে তিনিই প্রথম ফুটবলার, যিনি এই কীর্তি গড়লেন। লিসবনে, উয়েফা নেশনস লিগের ম্যাচে পর্তুগাল খেলতে নেমেছিল ক্রোয়েশিয়ার বিরুদ্ধে। সেই ম্যাচে ২-১ গোলে জেতে পর্তুগাল। ম্যাচে ৩৪ মিনিটের মাথায় কেরিয়ারের ৯০০ তম গোল করেন রোনাল্ডো। রোনাল্ডোর ঠিক পরেই রয়েছেন আর্জেন্তিনার তারকা লিওনেল মেসি, যিনি করেছেন ৮৪২ গোল। অন্যদিকে, ৭৬৫টি গোল করে তৃতীয় স্থানে রয়েছেন ব্রাজিলিয়ান কিংবদন্তি পেলে।

❑ ২০২৩-'২৪ আর্থিক বছরে সবথেকে বেশি কর প্রদানকারী ভারতীয় তারকাদের তালিকা প্রকাশ করল 'ফরচুন ইন্ডিয়া'। ভারতের সর্বোচ্চ করদাতা তারকা হলেন শাহরুখ খান। ২০২৪ আর্থিক বছরে ৯২ কোটি টাকা কর দিয়েছেন তিনি। ২০২৩ সালে শাহরুখ খান অভিনীত ৩টি (পাঠান, জওয়ান, ডাঙ্কি) চলচ্চিত্র মুক্তি পায়। এর মধ্যে প্রথম ২টি চলচ্চিত্রের ব্যবসা ১,০০০ কোটি ছাড়িয়েছিল। আর তাতেই বিনোদন জগতের সর্বোচ্চ করদাতা হলেন তিনি। দ্বিতীয় স্থানে রয়েছেন দক্ষিণী

এরপর ১১ পাতায়

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। তড়িৎ বর্তনীর কোন তারে ফিউজ তার লাগানো হয় — হালকা তারে।

২। ক্লোরোফিলের প্রধান উপাদান কী — ম্যাগনেশিয়াম।

৩। 'সরল পেরিস্কোপ'এ আলোর কোন নীতিকে কাজে লাগানো হয় — প্রতিফলন।

৪। নাইক্রোম ও জার্মান সিলভার সংকর ধাতুতে কোন মৌলটি থাকবেই — নিকেল।

৫। কাঁচি কী ধরণের লিভার — প্রথম শ্রেণির।

৬। 'লাইকার অ্যামোনিয়া' কাকে বলে — অ্যামোনিয়ার গাঢ় জলীয় দ্রবণকে।

৭। 'নাইট্রাইট' কী ধরণের যৌগ — সমযোজী যৌগ।

৮। মানুষের চোখের কোন কোশ রাত্রিকালীন দৃষ্টিতে সাহায্য করে — রড কোশ।

৯। কোন অ্যাসিডকে 'অয়েল অফ ভিট্রিয়ল' বলে — ঘন সালফিউরিক অ্যাসিড।

১০। মানবদেহের হাঁটুর হাড়ের নাম কী — প্যাটেলা।

১১। মানবদেহের সবথেকে ছোট রক্তবাহের নাম কী — জালক।

## ইতিহাস

১২। ভারতের প্রথম ভাইসরয়ের নাম কী



— লর্ড ক্যানিং।

২। ইস্ট ইন্ডিয়া কোম্পানি দক্ষিণ ভারতের কোথায় তাদের প্রথম ঘাঁটি স্থাপন করে — মসুলিপত্তন।

১৩। কোন কমিশনের মাধ্যমে 'একশালা বন্দোবস্ত' চালু হয় — আমিনী কমিশনের মাধ্যমে (১৭৭৬ সাল)।

১৪। 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' ভারতের কোন জায়গায় তাদের প্রথম ফ্যাক্টরি তৈরি করেছিল — সুরাত।

১৫। কত সালে কান্দাহার মোগলদের অধীকৃত হয় — ১৫৯৫ (আকবরের সময়)।

১৬। সিন্ধু সভ্যতার লোকেরা কোন ধাতুর ব্যবহার জানতো না — লোহা।

১৭। বাণভট্ট কার সভাকবি ছিলেন — হর্ষবর্ধন।

১৮। কোন গুপ্ত সম্রাটের উপাধি ছিল 'বিক্রমাদিত্য' — দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

১৯। কোন ভারতীয় শাসক সর্বপ্রথম মহম্মদ ঘোরীকে পরাজিত করেছিলেন — পৃথ্বীরাজ চৌহান।

২০। ভারতে কে প্রথম সংবাদপত্র চালু করেন — জেমস হিকি।

## ভূগোল

২১। 'মালাবার উপকূল' কোন অংশ থেকে কোন অংশ পর্যন্ত বিস্তৃত — গোয়া থেকে কন্যাকুমারী।

২২। অসমের প্রাক-মৌসুমী বৃষ্টিপাতকে কী বলে — বরদৈছিলা।

২৩। স্থানান্তর কৃষিকে ভারতে কী বলে — ঝুম।

২৪। যোধপুর ও জয়সলমীর কোন প্রাকৃতিক শক্তির আদর্শ উৎপাদক স্থান — সৌরশক্তি।

২৫। ভারতের কোন শহরে টেলিফোন কেবল তৈরি হয় — মুম্বই।

২৬। ভারতের কোন শহরকে 'সূর্যোদয়ের শহর' বলা হয় — উদয়পুর।

২৭। কোন দ্বীপ বিষুবরেখার সবথেকে কাছে — গ্রেট নিকোবর।

২৮। খাসি ও গারো ভারতের কোন রাজ্যের ভাষা — মেঘালয়।

২৯। ভারতের দৈনিক আবহাওয়ার মানচিত্র কোথায় তৈরি ও মুদ্রিত হয় — পুণে (ডেটা সেন্টার অফ ইন্ডিয়া মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট)।

৩০। ভারতের শীতলতম স্থান কোনটি — দ্রাস (জম্মু ও কাশ্মীরের কার্গিল জেলায় অবস্থিত)।

## অর্থনীতি

৩১। শিল্প ক্ষেত্রের পেশাদারি প্রশিক্ষণ সংস্থা 'ইনফর্মা কানেক্ট আকাদেমি'র রিপোর্ট অনুযায়ী, কোন সালের মধ্যে ভারতের প্রথম ট্রিলিওনেয়ারের মর্যাদা অর্জন করতে পারেন 'আদানি গোষ্ঠী'র কর্ণধার গৌতম আদানি — ২০২৮।

৩২। ছোটদের জন্য (১৮ বছরের কম বয়সি) 'এনপিএস বাৎসল্য' প্রকল্প চালু করলেন কে — কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন (এটি একটি পেনশন প্রকল্প)।

৩৩। কোন ব্যাঙ্কের সঙ্গে যৌথভাবে 'পয়সাসেভ' নামে একটি ক্যাশব্যাক ক্রেডিট কার্ড চালু করল 'পয়সাবাজার' — ইয়েস ব্যাঙ্ক।

৩৪। ভারতে ছোট ব্যবসার মালিকদের জন্য 'মাইবিজ' ক্রেডিট কার্ড চালু করছে কোন দুই সংস্থা — অ্যাক্সিস ব্যাঙ্ক ও মাস্টারকার্ড।

৩৫। 'ইন্ডাসইন্ড ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — সুমন্ত কাঠপালিয়া।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। সরকারি চাকরিতে অগ্নিবীরদের জন্য কত শতাংশ সংরক্ষণের ঘোষণা করল হরিয়ানা সরকার — ১০%।

৩৭। মার্কিন যুক্তরাষ্ট্রে, ভারতের পরবর্তী



রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — বিনয় মোহন কোয়াত্রা।

৩৮। ভারতের কোন রাজ্য থেকে গভীর জলের ডগফিশ হাঙর 'স্কুয়ালাস হিমা'র একটি নতুন প্রজাতি আবিষ্কার করলেন 'জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'র বিজ্ঞানীরা — কেরল।

৩৯। ফ্রান্সের জাতীয় পরিষদের অধ্যক্ষ এখন কে — ইয়েল-ব্রাউন-পিভেট।

৪০। ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট এখন কে — উরসুলা ভন ডার লেইন।

৪১। ২০২৩ সালে ক্রোল'এর সেলিব্রিটি ব্র্যান্ড ভ্যালুয়েশন রিপোর্ট অনুযায়ী, ভারতের সবথেকে মূল্যবান তারকার তকমা পেলেন কে — বিরাট কোহলি (তাঁর ব্র্যান্ড ভ্যালু ১৯০৬.১২ কোটি টাকা)।

৪২। একদিনে ১১ লাখেরও বেশি চারা গাছ রোপণ করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল ভারতের কোন শহর — মধ্য প্রদেশের ইন্দোর।

৪৩। কোন শহরে ৩ডি প্রিন্টিং প্রযুক্তি ব্যবহার করে তৈরি বিশ্বের প্রথম বৈদ্যুতিক আবরা'র (কাঠের তৈরি একটি ঐতিহ্যবাহী নৌকা) ট্রায়াল শুরু হল — দুবাই।

৪৪। এবছর কাকে মর্যাদাপূর্ণ 'শ্রী দশরথী কৃষ্ণমাচার্য পুরস্কার'এর জন্য মনোনীত করল তেলেঙ্গানা সরকার — বিশিষ্ট লেখক ও কবি জুকান্তি জগন্নাথম।

৪৫। 'প্রধানমন্ত্রী স্বনিধি যোজনা'য় 'সেরা পারফর্মিং রাজ্য' বিভাগে প্রথম স্থান অর্জন করল কোন রাজ্য — মধ্য প্রদেশ।

৪৬। এবছর মর্যাদাপূর্ণ 'আন্তর্জাতিক এক্সেলেন্স পুরস্কার' পেলেন কে — অর্পিত জগদীশ কাবরা।

৪৭। বিশ্বের প্রথম যাত্রীবাহী কার্বন ফাইবার হাই-স্পিড ট্রেন উন্মোচন করল কোন দেশ — চিন।

৪৮। সৌর শক্তির প্রচারের জন্য, 'গোয়েম বিনামূল্য ভিজ ইয়েভযান' উদ্যোগ চালু করল কোন রাজ্য — গোয়া।

৪৯। সারা বিশ্বের আরও মোট ক'টি নতুন স্থান ইউনেস্কো ঐতিহ্যবাহী তালিকায় অন্তর্ভুক্ত হল — ২৪টি।

৫০। কোথায় অযোধ্যার রামলালার প্রথম ডাকটিকিট উন্মোচন করলেন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস.জয়শঙ্কর — লাও পিপলস ডেমোক্রেটিক রিপাব্লিকের রাজধানী শহর ভিয়েনতিয়েন।

৫১। 'ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ ফেস্টিভাল ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — চলচ্চিত্র পরিচালক শেখর কাপুর।

৫২। ভেনেজুয়েলার প্রেসিডেন্ট এখন কে — নিকোলাস মাদুরো।

৫৩। এবছর ৫৬ তম 'আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াড'এ ভারত মোট ক'টি পদক পেল — ৪টি (যার মধ্যে ১টি সোনা, ২টি রূপো ও ১টি ব্রঞ্জ পদক)।

৫৪। ইরানের প্রেসিডেন্ট এখন কে — মাসুদ পেজেশকিয়ান।

৫৫। এবছর মর্যাদাপূর্ণ 'গ্লোবাল ওয়াটার টেক পুরস্কার' পেল কারা — দিল্লি মেট্রো রেল কর্পোরেশন (পরিবেশগত উদ্যোগের জন্য, 'অর্গানাইজেশন বিভাগ'এ এই পুরস্কার পেল তারা)।

৫৬। কনিষ্ঠতম ও দ্রুতগামী প্যারা সুইমার হিসাবে সাঁতরে ইংলিশ চ্যানেল পার হয়ে ইতিহাস গড়লেন কে — জিয়া রাই (তাঁর বয়স ১৬ বছর)।

৫৭। টোকিওর এডোগাওয়া ওয়ার্ডে, মোহনদাস করমচাঁদ গান্ধীর আবক্ষ মূর্তির উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস.জয়শঙ্কর।

৫৮। যুক্তরাজ্যের লন্ডনের মর্যাদাপূর্ণ 'রয়্যাল সোসাইটি অফ কেমিস্ট্রি'র ফেলো হিসাবে অন্তর্ভুক্ত হলেন কে — বিজ্ঞানী ড.সুন্দরগোপাল শ্রীধর।

৫৯। দেশীয়ভাবে তৈরি প্রথম তালওয়ার শ্রেণির জাহাজ 'ত্রিপুট' চালু করল কোন সংস্থা — গোয়া শিপইয়ার্ড লিমিটেড।

৬০। প্রখ্যাত গায়ক মুকেশের কত তম জন্মবার্ষিকীতে তাঁর সম্মানে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করলেন কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত — ১০০ তম।

৬১। কোন ব্যাঙ্ক দেশের মহিলা কুস্তিগিরদের জন্য 'রেসেল ফর গ্লোরি' প্রোগ্রাম চালু করেছে — ইন্ডাসইন্ড ব্যাঙ্ক।

৬২। রাষ্ট্রপতি ভবনের 'দুর্বার হল' ও 'অশোক হল'এর নতুন নাম কী — যথাক্রমে 'গণতন্ত্র মণ্ডপ' ও 'অশোক মণ্ডপ'।

৬৩। 'রাজীব গান্ধী সিভিল অভয়হস্তম প্রকল্প' চালু করল কোন রাজ্য — তেলেঙ্গানা।

৬৪। এস্তোনিয়ার প্রধানমন্ত্রী এখন কে — ক্রিস্টেন মিকাল।

৬৫। 'অমৃত বৃক্ষ আন্দোলন ২.০'অ্যাপ চালু করল কোন রাজ্য — অসম।

৬৬। শ্রমিকদের অস্থায়ী আবাসনের সুবিধা প্রদানের লক্ষ্যে, 'শ্রমিক বসেরা' প্রকল্প চালু করল কোন রাজ্য — গুজরাত।

৬৭। 'হেনলি পাসপোর্ট ইনডেক্স'এর সমীক্ষা অনুযায়ী, ২২৭টি দেশের মধ্যে পাসপোর্ট র‍্যাঙ্ক তালিকায় কত নম্বর স্থান পেল ভারত — ৮২।

৬৮। সর্বসম্মতিক্রমে ২০২৪-'২৫ মেয়াদের জন্য, 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — বিভূতি ভূষণ নায়েক।

৬৯। ভারতের প্রথম সমন্বিত কৃষি-রফতানি সুবিধা কোথায় চালু হতে চলেছে — মুম্বইয়ের 'জওহরলাল নেহরু' বন্দরে।

৭০। কোথায় বিশ্বের সর্বোচ্চ টানেল 'শিনকুন লা' প্রকল্পের সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — লাদাখ।

৭১। সারা দেশে মোট কত গ্রামীণ পরিবারে কলের জলের সংযোগ প্রদান করে, এক ঐতিহাসিক মাইলফলক অর্জন করল 'জাতীয় জল জীবন মিশন' — ১৫ কোটি।

৭২। কোন রাজ্যের বিধানসভায় পাস হল বেআইনি ধর্মান্তকরণ প্রতিরোধ আইন (সংশোধনী) ২০২৪ — উত্তর প্রদেশ।

৭৩। নয়াদিল্লিতে, 'ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিম' ২.০ পোর্টাল চালু করলেন কে — কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান।

৭৪। মেডিক্যাল সার্ভিসেস (ভারতীয় সেনাবাহিনী)-এর প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল কে — লেফটেন্যান্ট জেনারেল সাধনা সাক্সেনা নায়ার।

৭৫। এবছর মর্যাদাপূর্ণ 'ভি ভেঙ্কাইয়া এপিগ্রাফি পুরস্কার' পেলেন কে — ড. ভি.ভেদাচালাম।

৭৬। 'ইউনাইটেড নেশনস ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কাউন্সিল'এর তরফ থেকে একটি বিশেষ সম্মান পেল ভারতের কোন সংস্থা — কলিঙ্গ ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি।

৭৭। 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর



চেয়ারম্যান এখন কে — প্রীতি সুদান।

৭৮। ভারতে প্রথম কোন টাইগার রিজার্ভে বিদ্যুৎ উৎপাদনের জন্য বায়ু কল স্থাপন করা হয়েছে — পেরিয়ার টাইগার রিজার্ভ।

৭৯। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অ্যালুমিনিয়াম উৎপাদনকারী দেশে পরিণত হল কারা — ভারত।

৮০। ২০২৩ সালে বিশ্বব্যাপী কৃষি রফতানিতে ভারতের স্থান কত — অষ্টম।

৮১। 'সাপ্লাই চেইন কাউন্সিল'এর ভাইস-চেয়ার হিসাবে নির্বাচিত হয়েছে কোন দেশ — ভারত।

৮২। এবছর ৩২ তম 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অফ অ্যাগ্রিকালচারাল ইকোনমিস্টস' কোন দেশে হয়েছে — ভারত।

## খেলাধূলা

৮৩। দিল্লিতে, আই এসএসএফ রাইফেল/পিস্তল বিশ্বকাপে পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন কে — ভারতীয় শ্যুটার সরবজ্যোত সিং।

৮৪। সম্প্রতি প্রয়াত ডেভিড জনসন (৫২



বছর) কোন দেশের ক্রিকেটার ছিলেন — ভারত।

৮৫। 'দিলীপ বোস জীবনকৃতি সম্মান' পেলেন কারা — নর সিং ও রোহিণী লোখাণ্ডে।

৮৬। প্রথম ভারতীয় হিসাবে, 'ওয়ার্ল্ড লিগ অফ ফাইটার্স'এর জন্য গোল্ডেন টিকিট নিশ্চিত করে ইতিহাস গড়লেন কে — মুয়ে থাই তারকা সূর্য সাগর।

৮৭। এবছর রোমানিয়ার ক্লুজে, 'ক্লুজ গ্র্যান্ড প্রিক্স টুর্নামেন্ট' জিতলেন কে — ভারতীয় দাবাড়ু নিহাল সারিন।

৮৮। রোমে, 'ইউরোপিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ রেকর্ড ৬ বারের মতো ১,৫০০ মিটার দৌড়ে সোনার পদক জিতেছেন কে — নরওয়ের জ্যাকব ইঙ্গেব্রিগটসেন।

৮৯। দ্বিতীয় ভারতীয় মহিলা ক্রিকেটার হিসাবে আন্তর্জাতিক স্তরে ৭,০০০ রান পূর্ণ করলেন কে — স্মৃতি মন্ধানা।

৯০। আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী ডেভিড উইজ কোন দেশের ক্রিকেটার — নামিবিয়া।

৯১। এবছর 'নটিংহ্যাম ওপন'এর মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — ব্রিটিশ টেনিস তারকা কেটি বোল্টার (চেজ টেনিস তারকা ক্যারোলিনা প্লিসকোভা'কে ৪-৬, ৬-৩ ও ৬-২ ব্যবধানে হারিয়ে)।

৯২। ফিনল্যান্ডে 'পাভো নুরমি গেমস'এ জ্যাভলিনে সোনার পদক পেলেন কে — নীরজ চোপড়া (৮৫.৯৭ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়েছেন তিনি)।

৯৩। ভারতের পুরুষ ও মহিলা রাগবি দলের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন কে — ওয়াইসালে সেরেভি।

৯৪। এবছর 'স্টেপান আভাগিয়ান মেমোরিয়াল টুর্নামেন্ট' জিতলেন কে — ভারতীয় দাবাড়ু অর্জুন ইরিগাইসি।

৯৫। 'গ্লোবাল চেজ লিগ'এর দ্বিতীয় সংস্করণ কোথায় হবে — লন্ডন।

৯৬। 'এশিয়া কাপ'এর জন্য কোন দেশের মহিলা ক্রিকেট দলের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন মোহাম্মদ ওয়াসিম — পাক-ই-স্তান।

৯৭। 'প্রফেশনাল গল্ফ ট্যুর অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — প্রাক্তন ভারতীয় ক্রিকেট অধিনায়ক কপিল দেব।

সঙ্কলক : পলি দেওয়ান

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানাতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — মৃগাঙ্ক শেখর।*

■■ বিজ্ঞপ্তি এ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে। পরীক্ষা ১৫ ডিসেম্বর হওয়ার কথা আছে।

■ *এবছর থেকে কি ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস বদল হবে? — মীনা দাস, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ না, এবছর সিলেবাস বদল হচ্ছে না।

## রেলে চাকরির

■ *রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? — মন্টু দাস, হাওড়া। শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল পদের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা হবে ২ ডিসেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে থেকে, সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট থেকে।

■ *রেলের এন.টি.পি.সি. টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদের পরীক্ষা কবে হবে? — অদিতি সিনহা, পানপুর, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *রেলের টিকিট এক্সামিনার পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — রূপেশ মাঝি, টাকি, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ বিজ্ঞপ্তি বেরিয়েছে। এখনো দরখাস্ত নেওয়া চলছে। বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে পাবেন।

■ *রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা কবে হবে? — কৌস্তুভ ধারা, লিচুবাগান, ডানকুনি, হুগলি।*

■■ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ২৫ নভেম্বর থেকে ২৯ নভেম্বর পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ১০ দিন আগে থেকে, সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট থেকে।

■ *রেলের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? শূন্যপদ কত থাকবে? — সৌরভ খান, বেলিয়াতোড়, বাঁকুড়া।*

■■ রেলের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি বেরোবে নভেম্বরের মাঝামাঝি। ৬০ হাজারের মতো শূন্যপদে দরখাস্ত নেওয়া হতে পারে।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কী কী পদে চাকরি হয়? কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। বিজ্ঞপ্তি কখন বেরোয়? পরীক্ষা কখন হয়? এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? কীভাবে প্রস্তুতি নিতে হবে? — অরুণ পাল, ন'পাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা। ইন্দ্রানী ঘোষ, বোদাই, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। সেখ মুজিবর, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।*

■■ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে বিভিন্ন বিভাগে লোক নেওয়া হয় এইসব পদে : (ক) মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.), (খ) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (সি.এইচ.এস.এল.), (গ) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (সি.জি.এল.)। ***মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার :*** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য। বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। হাবলদার পদের জন্য বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে সেপ্টেম্বর নাগাদ। কম্পিউটার বেসড পরীক্ষায় ২৭০ নম্বরের ৯০টি প্রশ্ন থাকে। সময় ৯০ মিনিট। পরীক্ষায় থাকবে দু'টি সেশন। প্রথম সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) নিউমেরিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি অ্যান্ড প্রবলেম সলভিং - ৬০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। দ্বিতীয় সেশনে থাকবে এই ২টি পার্ট : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৪৫ মিনিট। সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম সেশনে নেগেটিভ মার্কিং নেই। কিন্তু দ্বিতীয় সেশনের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজি-সহ ১৩টি আঞ্চলিক ভাষায়। সফল হলে মেধা তালিকা তৈরি হয়। কোনো ইন্টারভিউ নেই। প্রতি বছরই বিজ্ঞপ্তি বেরোয় সাধারণত মে মাস নাগাদ।

**কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হয়। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হয় আগস্ট মাস নাগাদ। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হয় এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। দ্বিতীয় ধাপের পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স-৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন-২'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা। সেকশন-৩'এ থাকবে ৪৫ নম্বরের ১৫টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট। ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। সফল হলে স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। প্রতি বছরই বিজ্ঞপ্তি বেরোয় সাধারণত এপ্রিল মাস নাগাদ।

**কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল :** গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হয় জুলাই মাস নাগাদ। প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংলিশ কম্প্রিহেনশন -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। মোট ১ ঘন্টার পরীক্ষা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স - ৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন-২'এ থাকবে ২১০ নম্বরের ৭০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা। সেকশন-৩'এ থাকবে ৬০ নম্বরের ২০টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট। দ্বিতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে স্ট্যাটিস্টিক্স বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা। তৃতীয় পেপারে ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স) বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা। ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হয় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি বছরই বিজ্ঞপ্তি বেরোয় সাধারণত জুন মাস নাগাদ। এই ৩ পরীক্ষায় সফল হতে হলে আগে থেকে প্রস্তুতি নিতে হবে।

## পুলিশে চাকরির

■ *জেল পুলিশে দরখাস্ত করেছিলাম। পরীক্ষা কবে হবে? — নীলাদ্রি মণ্ডল, পূর্ব গোপালপুর, পটাসপুর, পূর্ব মেদিনীপুর।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *পুলিশে কনস্টেবল পদে প্রায় ১২ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোনোর কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? — সায়ন্তন দাস, দেগঙ্গা, উত্তর ২৪ পরগনা। পার্থ দাস, ঠাকুরনগর, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

■■ না, এখনো বিজ্ঞপ্তি বেরোয়নি।

## কোর্স ও ট্রেনিং

■ *২০১৬ সালে উচ্চমাধ্যমিক পাশ করেছি। সরকারি বিশ্ববিদ্যালয়ে বি.বি.এ. কোর্সে ভরতি হওয়া যাবে কি? — অনিমেষ বিশ্বাস, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ সরকারি বিশ্ববিদ্যালয়ে ভরতি হতে পারবেন না। তবে বেসরকারি বিশ্ববিদ্যালয় কিংবা প্রতিষ্ঠানে ভরতি হতে পারবেন।

## অন্যান্য চাকরির

■ *কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের যে লিখিত পরীক্ষা ২৯ সেপ্টেম্বর হল, তার ফল কবে বেরোবে? — শেফালী মাহাতো, পুরুলিয়া।*

■■ নভেম্বর-ডিসেম্বরের মধ্যে লিখিত পরীক্ষার ফল বেরোবে।

■ *কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সংকার কর্মী পদের ইন্টারভিউ কবে হবে? — সুখলাল মান্ডী।*

■■ এই পদের জন্য দরখাস্ত বাছাই হয়ে গেছে। এখনো প্রার্থী বাছাই পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *গ্রাম পঞ্চায়েতে নিয়োগ কবে হবে? — সৌমিত্র মণ্ডল, কল্যাণী, নদিয়া। মৃণাল বর্মন, কুমারগ্রাম, আলিপুরদুয়ার।*

■■ ও.বি.সি. সংক্রান্ত মামলা চলায় গ্রাম পঞ্চায়েতে দরখাস্ত নিতে দেরি হচ্ছে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| রেলে ক্লার্ক, টাইপিস্ট | উচ্চমাধ্যমিক | ৩,৪৪৫ | ২০-১০-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১,১৩০ | ১৭-২-২৫-১৮-৩-২৫ | https.gailonline.com |
| ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে কনস্টেবল (ড্রাইভার) | মাধ্যমিক ও ড্রাইভিং | ৫৪৫ | ৮-১০-২৪-৬-১১-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| সেনাবাহিনীর স্কুলে শিক্ষক-শিক্ষিকা | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | - | ২৫-১০-২৪ | www.awesindia.com |
| ও.এন.জি.সি.-তে অ্যাপ্রেন্টিস | ITI, গ্র্যাজুয়েট ডিপ্লোমা | ২,২৩৬ | ২৫-১০-২৪ | https://nats.educationl.gov.in |
| এলাহবাদ হাই কোর্টে গ্রুপ-ডি, স্টেনো | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | ৩,৩০৬ | ২৪-১০-২৪ | www.allahabadhighcourt.in |
| রেলে ক্লার্ক, টাইপিস্ট | উচ্চমাধ্যমিক | ৩,৪৪৫ | ২৯-১০-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| SSC-CAPFs এর কনস্টেবল (জেনারেল ডিউটি), অসম রাইফেলসের পরীক্ষা | জানুয়ারি-ফেব্রুয়ারি-২০২৫ | www.ssc.gov.in |
| SSC-CHSL-এর মেনস পরীক্ষা | ১৮ নভেম্বর | www.ssc.nic.in |
| SSC-হিন্দি ট্রান্সলেটর পরীক্ষা | ৯ ডিসেম্বর | www.ssc.nic.in |
| CBSE-C-TET পরীক্ষা | ১ ডিসেম্বর | https://ctet.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | ১৬-১৭ নভেম্বর | www.wbpsc.gov.in |
| SSC-MTS-2024-পরীক্ষা | ৩০ সেপ্টেম্বর-১৪ নভেম্বর | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | ২৫ নভেম্বর-২৯ নভেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ১৫ ডিসেম্বর | www.wbpsc.gov.in |
| PSC- অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষা | ২৭ অক্টোবর | www.wbpsc.gov.in |
| RPF সাব-ইন্সপেক্টর পরীক্ষা | ২-৫ ডিসেম্বর | www.rpf.indianrailways.gov.in |
| SSC- স্টেনো গ্রেড-সি ও ডি পরীক্ষা | ১০-১১ ডিসেম্বর | www.ssc.gov.in |
| NABARD- অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-এ'র মেনস পরীক্ষা | ২০ অক্টোবর | www.nabard.org |
| রেলের টেকনিশিয়ান পদের পরীক্ষা | ১৬ ডিসেম্বর-২৬ ডিসেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ৬ ডিসেম্বর-১৩ ডিসেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

## ক্লার্কশিপ স্পেশাল

1. Use a suitable prefix with 'human' to mean 'above'
(A) post (B) ultra (C) super (D) anti
2. Complete the following proverb- 'Dead men tell....
(A) not as I do (B) no tales
(C) better than never (D) the joy of life
3. The verb form of 'necessity' is
(A) necessitate (B) need (C) necessary (D) necessite
4. Complete the proverbial sentence - 'Time is .....
(A) food (B) thought (C) money (D) life
5. Fill in the blank with a suitable comparison- 'as docile as a ........
(A) bird (B) lamb (C) puppy (D) fish
6. Fill in the blank - 'Warning! No unauthorised personnel ......... this point'.
(A) about (B) from (C) beyond (D) on
7. Find the suitable word meaning 'reiterate'.
(A) deny (B) repeat (C) frustrate (D) illustrate
8. Choose the correct verb in agreement with the subject: 'The committee ....... every month'.
(A) meets (B) meet (C) have met (D) have been meeting
9. Select a word closest in meaning to 'Consequence'.
(A) Indifference (B) Serial (C) Affect (D) Outcome
10. The idomatic expression 'pull yourself together'-
(A) drag yoursertf (B) help one
(C) get angry (D) calm down by oneself
11. "Please don't go away", she said. Change the mode of narration,
(A) She said to please her and not go away.
(B) She told me not to go away.
(C) She begged that I not go away.
(D) She begged me not to go away.
12. *Change the voice* – The clown was being laughed at by them.
(A) They were laughing at the clown.
(B) They were laughing on the clown.
(C) They laughed at the clown.
(D) The clown was laughed at by them.
13. Choose the correctly spelt word.
(A) Grametic (B) Grammatic
(C) Grammetic (D) Gramatic
14. To take with a grain of salt' means
(A) To take with some reservation
(B) To take with total disbelief
(C) To take wholeheartedly
(D) To take seriously
15. To examine one's own thoughts and feelings
(A) Meditation (B) Reflection
(C) Retrospection (D) Introspection
16. Choose the right word to complete the sentence; In ......... of the recommendations, the Board has established a counter to entertain complaints from consumers.
(A) adherence (B) pursuance (C) relation (D) accordance
17. Select the right word meaning 'prowess' :
(A) bravery (B) keenness
(C) eagerness (D) understanding
18. *Choose the antonym for the word given below from the alternatives*
'Zenith'
(A) Below (B) Abyss (C) Nadir (D) Deep
19. *Fill in the blank with the correct alternative :*
"Do not .......... about your decision to join the institute" said the Professor to Arya.
(A) hob-nob (B) Willy-nilly (C) wishy-washy (D) dilly-dally

# WBPSC Exam

# ক্লার্কশিপ পরীক্ষা



পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যানা আঞ্চলিক অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে প্রায় ৬,০০০ শূন্যপদের জন্য প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। প্রথমে লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষা হবে ১৬ ও ১৭ নভেম্বর। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টে যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন মিসলেনিয়াস সার্ভিসে সফল লেডি ম্যাস এডুকেশন এক্সটেনশন অফিসার সুতপা কর।

20. *Choose the appropriate meaning of the idiom from the given alternatives.*
Her maiden speech made no impact on the audience.
(A) prepared speech (B) feminine speech
(C) spontaneous speech (D) first speech
21. *Choose the correct question tag and complete the sentence:*
You do this out of a matter of habit,..........
(A) isn't it? (B) don't you?
(C) do you? (D) aren't you?
22. Choose the correct meaning from the choices given below:
Human life is full of weal and woe.
(A) trials and tribulations
(B) hurdles and achievements
(C) real and illusory
(D) joy and sorrow
23. I said to her, "Who is your guardian?" The sentence in indirect speech will be:
(A) I asked her who her guardian was.
(B) I asked her who is her guardian.
(C) I asked her about the identity of her guardian.
(D) I asked her who her guardian could be.
24. Choose the correctly spelt word.
(A) Meintenance (B) Maintenance
(C) Mentenance (D) Mentainance
25. The defendant retracted his confession. (The Word nearest in meaning to the underlined part is ......... .)
(A) Retold (B) Refused
(C) Revoked (D) Reformulated
**Direction for Question Nos. 26 and 27 :** *Choose the correct alternative to express the following sense in a single word.*
26. A lover of wisdom
(A) Philanderer (B) Philosopher
(C) Philologist (D) Philanthropist
27. One who is not capable of erring
(A) Incredible (B) Infallible
(C) Incorrigible (D) Ineligible
28. The plane at 6.30 p.m. (choose the right alternative to fill in the blank)
(A) Put off (B) Called off
(C) Took off (D) Drew up
29. If somebody becomes inebriated then he/she would be booked by the police for
(A) Bankruptcy (B) Violence
(C) Being a defaulter (D) Drunkenness
*Choose the correct item to fill in the blanks from the given options*
30. The roaring sound of the storm frightened us.
(A) Haul (B) Howl (C) Hail (D) Hale
31. 'প্রজ্ঞান' নীচের কোন বিষয়ের সঙ্গে যুক্ত?
(A) ক্ষেপণাস্ত্র প্রযুক্তি (B) মহাকাশ বিজ্ঞান
(C) সমুদ্র বিজ্ঞান (D) আবহাওয়া
32. পোলিও রোগের কারণ কী?
(A) ব্যাকটিরিয়া (B) ভাইরাস
(C) অ্যান্টিবায়োটিক (D) ওষুধ
33. শশাঙ্ক কোন অঞ্চলের রাজা ছিলেন?
(A) দক্ষিণ ভারত (B) গুজরাত
(C) গৌড় (D) মালভূম
34. শস্যক্ষেত্রে DDT স্প্রে করলে কোনটি দূষিত হয়?
(A) শুধুমাত্র বাতাস
(B) শুধুমাত্র বাতাস ও মাটি
(C) শুধুমাত্র বাতাস, মাটি ও জল
(D) শুধুমাত্র বাতাস ও জল
35. BRICS হল —
(A) রাষ্ট্রসমূহের গোষ্ঠী (B) বণিক সংঘ
(C) রাজনৈতিক দল (D) স্বেচ্ছাসেবী গোষ্ঠী
36. বাদুড় রাত্রে পথ নির্দেশ করে যার সাহায্যে —
(A) চোখ (B) নাক (C) প্রতিধ্বনি (D) ঘ্রাণ
37. সাধারণ লবণের রাসায়নিক নাম কী?
(A) সোডিয়াম ফ্লোরাইড (B) সোডিয়াম ক্লোরাইড
(C) পটাশিয়াম সায়ানাইড (D) পটাশ
38. কৈবর্ত বিদ্রোহের নেতার নাম কী?
(A) পুরু (B) দিব্য (C) অর্জন (D) হর্ষ
39. আচার্য প্রফুল্ল চন্দ্র রায় ছিলেন একজন বিখ্যাত —
(A) ডাক্তার (B) রসায়নবিদ
(C) পদার্থবিদ (D) গণিতজ্ঞ
40. মহাবলীপুরমের সপ্তরথ মন্দিরের নির্মাতা ছিলেন কে?

## ক্লার্কশিপ স্পেশাল

(A) চোল বংশ (B) চালুক্য বংশ
(C) পল্লব বংশ (D) পাণ্ড্য বংশ
41. নীচের কোনটির বৈজ্ঞানিক পরিভাষা অ্যাসকরবিক অ্যাসিড—
(A) প্রোটিন (B) শর্করা (C) ভিটামিন C (D) ভিটামিন D
42. ভারতের সর্বোচ্চ বিমা নিয়ন্ত্রক সংস্থার নাম কী?
(A) IRDAI (B) PFDA (C) CRIDA (D) CRISIL
43. বাংলা থেকে পর্তুগিজদের কে পুরোপুরিভাবে উৎখাত করেন?
(A) মীর জুমলা (B) শায়েস্তা খান (C) মীরকাশিম (D) ফয়েজ খান
44. হিন্দু কলেজ কোন সালে প্রতিষ্ঠিত হয়?
(A) 1818 (B) 1817 (C) 1819 (D) 1820
45. শিখ সম্প্রদায়ের দশম ও সর্বশেষ গুরু ছিলেন কে?
(A) গুরু তেগ বাহাদুর (B) গুরু হরগোবিন্দ
(C) গুরু গোবিন্দ সিং (D) গুরু হর কিষাণ
46. 'শ্রীরামপুর ত্রয়ী' নামে কারা পরিচিত ছিলেন?
(A) ক্লাইভ-ওয়াটসন ওয়াটস (B) কেরি-মার্শম্যান-ওয়ার্ড
(C) লাল-বাল-পাল (D) হেস্টিংস-কর্নওয়ালিস- শোর
47. আরাবল্লী পর্বতমালা কোথায় অবস্থিত?
(A) ঝাড়খণ্ড (B) রাজস্থান (C) আফগান-ই-স্তান (D) বিহার
48. ভারতের দু'টি পশ্চিম অভিমুখী নদীর নাম হল —
(A) কৃষ্ণা ও গোদাবরী (B) ব্রহ্মপুত্র ও গঙ্গা
(C) শোন ও চম্বল (D) নর্মদা ও তাপ্তি
49. 'রাষ্ট্রসঙ্ঘ দিবস' কবে পালিত হয়?
(A) 25 অক্টোবর (B) 24 অক্টোবর (C) 5 সেপ্টেম্বর (D) 4 জুলাই
50. 'দাক্ষিণাত্যের ক্ষত' কোন শাসকের মৃত্যুর কারণ হয়েছিল?
(A) আকবর (B) বাবর (C) ঔরঙ্গজেব (D) শাহজাহান
51. বিল গেটস ও পল অ্যালেন'এর নাম কোন সংস্থাটির সঙ্গে যুক্ত?
(A) Google (B) Apple (C) Microsoft (D) IBM
52. নীচের কোন দেশটি রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?
(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) যুক্তরাজ্য (C) চিন (D) জাপান
53. গাছপালার পাতার আকার প্রভাবিত হয় নীচের কোনটির মাধ্যমে?
(A) তাপমাত্রা (B) আর্দ্রতা প্রাপ্যতা
(C) উচ্চতা (D) তাপমাত্রা ও আর্দ্রতা উভয়ই
54. ব্রহ্মপুত্রের উৎপত্তিস্থল তিব্বতে, সেখানে এটি কোন নামে পরিচিত?
(A) সাংপো (B) মেঘনা (C) রাক্ষসতাল (D) যমুনা
55. ভারতের সংবিধানের অংশ III-এর কোন অনুচ্ছেদে মৌলিক অধিকারের বিষয়বস্তু রয়েছে?
(A) অনুচ্ছেদ 12 থেকে 35 (B) অনুচ্ছেদ 12 থেকে 32
(C) অনুচ্ছেদ 36 থেকে 51 (D) অনুচ্ছেদ 51A
56. ভারতে মহাকাশবিদ্যা ও মহাকাশ প্রযুক্তিতে অবদানের জন্য 'আর্যভট্ট পুরস্কার'এ সম্মানিত হলেন কে?
(A) পাভুলুরি সুব্বা রাও (B) প্রমোদ কোলে
(C) পি. এস. গোয়েল (D) অভিনাষ চান্দের
57. 'টোডা' উপজাতির আবাসস্থল হল —
(A) আরাবল্লী রেঞ্জ (B) শিবালিক রেঞ্জ
(C) কৈমুর রেঞ্জ (D) নীলগিরি পাহাড়
58. বিশ্বের প্রধান কয়লা সম্পদ ভূতাত্ত্বিক কোন সময়কালের অন্তর্গত?
(A) ক্রিটেসিয়াস (B) জুরাসিক (C) ডেভোনিয়ান (D) কার্বনিফেরাস
59. 'আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়'এর প্রথম মহিলা উপাচার্য কে?
(A) ফতেমা বিবি (B) নাইমা খাতুন
(C) শায়েস্তা আনোয়ার (D) নাজমা হেপাতুল্লা
60. Epigraphy হল —
(A) শিলালিপি অধ্যয়ন (B) গ্রাফিকাল মানচিত্র
(C) মহাকাব্যের শনাক্তকরণ (D) মহাকাব্যের অধ্যয়ন
61. 'Ignited Minds' বইটির লেখক কে?
(A) বন্দনা শিবা (B) চেতন ভগত
(C) অরুন্ধতী রায় (D) এ.পি.জে. আব্দুল কালাম
62. নীতিবাক্য 'সত্যমেব জয়তে', যার অর্থ হল 'একাকী সত্যের বিজয়'- এটি কোন লিপিতে লেখা হয়েছে?

# ক্লার্কশিপ স্পেশাল

(A) দেবনাগরী লিপি (B) খরোষ্ঠী লিপি
(C) গুপ্ত লিপি (D) কলিঙ্গ লিপি

63. কোন ভাইসরয় ভারতে 'সমবায় সমিতি' চালু করেছিলেন?
(A) লর্ড কার্জন (B) লর্ড ওয়াভেল
(C) লর্ড রিপন (D) লর্ড কর্নওয়ালিস

64. মারিয়ানা ট্রেঞ্চ কোন মহাসাগরে অবস্থিত?
(A) দক্ষিণ আটলান্টিক (B) উত্তর আটলান্টিক
(C) পশ্চিম প্রশান্ত মহাসাগর (D) পূর্ব প্রশান্ত মহাসাগর

65. Petroglyphs কথাটির অর্থ হল —
(A) পাথর চিপিং করে হাতিয়ার তৈরি
(B) পেট্রোল দিয়ে পাথরের প্রস্তুতি
(C) শিলা-পৃষ্ঠের কিছু পদার্থ - খোদাই, ছেনা ও স্ক্রুপিংয়ের মাধ্যমে শিলা-শিল্প করা
(D) পাথর কাটার মেশিন

66. 'রৌরকেল্লা স্টিল প্ল্যান্ট' কোন নদীর তীরে অবস্থিত?
(A) খারকাই নদী (B) ব্রাহ্মণী নদী (C) দামোদর নদী (D) শিপ্রা নদী

67. বিজয়নগর রাজ্য কোন নদীর তীরে অবস্থিত ছিল?
(A) কৃষ্ণা (B) গোদাবরী (C) কাবেরী (D) তুঙ্গভদ্রা

68. 1784 সালে 'এশিয়াটিক সোসাইটি অফ বেঙ্গল'-এর প্রতিষ্ঠা করেন কে?
(A) স্যার উইলিয়াম জোন্স (B) ওয়ারেন হেস্টিংস
(C) স্যার জেমস ম্যাকিনটোস (D) জেমস প্রিন্সেপ

69. কোন দেশে 16তম BRICS সম্মেলন আয়োজিত হয়েছে?
(A) রাশিয়া (B) দক্ষিণ আফ্রিকা (C) চিন (D) ভারত

70. কোন ভারতীয় ক্রিকেটার এবছর আইসিসি (পুরুষ) টোয়েন্টি-২০ বিশ্বকাপ'-এর প্রচারদূত হিসাবে নিযুক্ত হয়েছেন?
(A) শচীন তেন্ডুলকর (B) গৌতম গম্ভীর
(C) মহম্মদ কাইফ (D) যুবরাজ সিং

71. 20 বছর আগে সুনীতার বয়স তার বর্তমান বয়সের $\frac{1}{5}$ অংশ ছিল। সুনীতার বর্তমান বয়স কত?
(A) 25 বছর (B) 18 বছর (C) 20 বছর (D) 19 বছর

72. 8 টাকা কিলোগ্রাম দরের এক প্রকার নুনের সঙ্গে 11 টাকা কিলোগ্রাম দরের অন্য এক প্রকার নুন 1 : 2 অনুপাতে মেশালে, মিশ্রিত নুনের প্রতি কিলোগ্রামের দাম কত হবে?
(A) 10 টাকা (B) 12 টাকা (C) 13 টাকা (D) 14 টাকা

73. 80 টাকা কিলোগ্রাম দরের ডালের সঙ্গে 140 টাকা কিলোগ্রাম দরের ডাল কী অনুপাতে মিশ্রিত করলে প্রতি কিলোগ্রাম ডালের দাম 120 টাকা হবে?
(A) 4 : 5 (B) 2 : 3 (C) 1 : 2 (D) 3 : 4

74. দু'টি সংখ্যার বর্গের অন্তর 580 ও সংখ্যা দু'টির যোগফল 58, সংখ্যা দু'টির অন্তর কত?
(A) 12 (B) 10 (C) 29 (D) 22

75. দুই ব্যক্তি দু'টি স্থান থেকে একই সময়ে বিপরীত স্থান দু'টির উদ্দেশ্যে পরস্পরের অভিমুখে যাত্রা শুরু করে। তারা মিলিত হওয়ার 9 ঘন্টা ও 16 ঘন্টা পর গন্তব্যস্থলে পৌছায়। প্রথম ব্যক্তির গতিবেগ ঘন্টায় 40 কিলোমিটার হলে দ্বিতীয় ব্যক্তির গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?
(A) 30 (B) 53.33 (C) 60 (D) 57

76. এক ব্যক্তি ঘন্টায় 10 কিলোমিটার গতিতে গেলে গন্তব্যস্থলে পৌছাতে 15 মিনিট দেরি হয়। কিন্তু ঘন্টায় 12 কিলোমিটার গতিতে গেলে 10 মিনিট দেরি হয়। বাড়ি থেকে গন্তব্যস্থলের দূরত্ব কত কিলোমিটার?
(A) 5 (B) 10 (C) 25 (D) 30

77. এক ব্যক্তি 13,000 টাকা তিনটি ব্যাঙ্কে এমন ভাবে ভাগ করে রাখলেন যে প্রথম অংশের 5% হারে 4 বছরে সুদ, দ্বিতীয় অংশের 6% হারে 5 বছরের সুদ ও তৃতীয় অংশের 8% হারে 5 বছরের সুদ সমান। প্রথম অংশ কত টাকা?
(A) 3,000 (B) 4,000 (C) 5,000 (D) 6,000

78. এক ব্যক্তি 330 টাকায় একটি ব্যাগ বিক্রি করায় 10% লাভ হয়। কত টাকায় ব্যাগটি বিক্রি করলে 15% লাভ হবে?
(A) 345 টাকা (B) 360 টাকা (C) 305 টাকা (D) 325 টাকা

79. দু'টি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত 16 : 1 হলে, তাদের পরিসীমার অনুপাত কত?
(A) 22 : 7 (B) 4 : 1 (C) 3 : 2 (D) 44 : 7

80. $99\frac{98}{99} \times 99$ =?
(A) 9910 (B) 9999 (C) 9897 (D) 9899

81. দু'টি সংখ্যার যোগফল 180 ও গ.সা.গু 15, এমন কত জোড়া সংখ্যা হতে পারে?
(A) 2 (B) 3 (C) 4 (D) 5

82. 3 জন পুরুষ বা, 5 জন স্ত্রীলোক একটি কাজ 17 দিনে শেষ করতে পারে। ওই একই কাজ 7 জন পুরুষ ও 11 জন স্ত্রীলোক কত দিনে শেষ করতে পারবে?
(A) $3\frac{3}{4}$ দিন (B) $3\frac{5}{7}$ দিন
(C) $4\frac{3}{7}$ দিন (D) $7\frac{3}{5}$ দিন

83. ছিদ্রযুক্ত একটি জলাধার থেকে রোজ 40 গ্যালন জল খরচ করলে 20 দিন চলে ও রোজ 30 গ্যালন জল খরচ করলে 25 দিন চলে। জলাধারের ছিদ্র দিয়ে প্রতিদিন কত গ্যালন জল বের হয়?
(A) 12 গ্যালন (B) 10 গ্যালন
(C) 9 গ্যালন (D) 8 গ্যালন

84. A একা একটি কাজ 9 দিনে ও B একা একটি কাজ 18 দিনে করতে পারে। তারা দু'জনে একসঙ্গে কাজটি শুরু করে ও কাজ শেষ হওয়ার 3 দিন আগে A চলে যায়। কাজটি শেষ করতে মোট কত দিন সময় লাগবে?
(A) 3 দিন (B) 8 দিন (C) 11 দিন (D) 14 দিন

85. ছয়টি ক্রমিক সংখ্যার প্রথম তিনটির সমষ্টি 27, পরের তিনটির সমষ্টি কত?
(A) 30 (B) 40 (C) 36 (D) 45

86. নির্দিষ্ট দূরত্ব স্রোতের অনুকূলে যাওয়া যায় 8 ঘন্টায় ও প্রতিকূলে যাওয়া যায় 10 ঘন্টায়। যদি স্রোতের বেগ ঘন্টায় 1 কিলোমিটার হয়, তবে দূরত্ব কত কিলোমিটার?
(A) 70 (B) 80 (C) 85 (D) 90

87. দু'টি ধনাত্মক ক্রমিক সংখ্যার বর্গের পার্থক্য 75 হলে, বৃহত্তর সংখ্যাটি কত?
(A) 30 (B) 35 (C) 37 (D) 38

88. একটি নির্দিষ্ট সময়ে কিছু পরিমাণ টাকা 5% সরল সুদের হারে তিনগুণ হয়। সরল সুদের হার কত হলে ওই সময়ে টাকা ছয়গুণ হবে?
(A) 10% (B) 12% (C) 12.5% (D) 14%

89. খাঁটি স্পিরিটের দাম 15.50 টাকা প্রতি লিটার। এরকম 56 লিটার খাঁটি স্পিরিটের সঙ্গে কত লিটার জল মেশালে মিশ্রিত স্পিরিটের দাম প্রতি লিটার 14 টাকা হবে?
(A) 6 লিটার (B) 7 লিটার
(C) 8 লিটার (D) 9 লিটার

90. 40.50 টাকা কিলোগ্রাম দরের চালের সঙ্গে 95.50 টাকা কিলোগ্রাম দরের চাল কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র চালের দাম 55.50 টাকা প্রতি কিলোগ্রাম হবে।
(A) 3 : 8 (B) 6 : 5 (C) 5 : 6 (D) 8 : 3

91. 10 মিটার বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের মাঝখানে দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর 2 মিটার চওড়া রাস্তার ক্ষেত্রফল কত?
(A) 36 বর্গ মিটার (B) 44 বর্গ মিটার
(C) 41 বর্গ মিটার (D) 48 বর্গ মিটার

92. কিছু লোক 70 দিনে একটি কাজ করে। যদি 2 জন লোক কাজে যোগ না দেয়, কাজটি শেষ করতে আরও 10 দিন বেশি লাগে। তবে প্রথমে কত লোক ছিল?
(A) 15 জন (B) 18 জন (C) 16 জন (D) 20 জন

93. $\frac{36}{125}, 1\frac{17}{25}, \frac{54}{55}$ এর ল.সা.গু কত?
(A) $151\frac{1}{6}$ (B) $151\frac{1}{5}$ (C) $151\frac{3}{7}$ (D) $151\frac{4}{3}$

94. $P - \frac{1}{P} = m$ হলে $P^2 + \frac{1}{P^2}$ ?
(A) $m^2 + 2$ (B) $m^2 - 2$ (C) $m - 2$ (D) $m + 2$

95. 3600 সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে ভাগ করলে সংখ্যাটি একটি ঘনফল হবে?
(A) 450 (B) 9 (C) 350 (D) 50

96. তিনটি সংখ্যার যোগফল 98. প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 2 : 3 আর দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অনুপাত 5 : 8 হলে, দ্বিতীয় সংখ্যাটি কত?
(A) 25 (B) 30 (C) 35 (D) 40

97. একটি নির্বাচনী কেন্দ্রে 80% ভোটার ভোট দেয়। বিজয়ী প্রার্থী প্রদত্ত ভোটের 70% পেয়ে নিকটতম একমাত্র প্রতিদ্বন্দ্বীকে 4,960 ভোটে হারায়। ওই কেন্দ্রে মোট ভোটারের সংখ্যা কত?
(A) 16,000 (B) 1,55,000
(C) 15,500 (D) 14,500

98. A যদি 3 টাকা পায়, B পায় 4 টাকা। আবার B যদি 5 টাকা পায়, C পায় 6 টাকা। যে সময়ে A পায় 20 টাকা, একই সময়ে C পায় কত টাকা?
(A) 31 টাকা (B) 32 টাকা
(C) 34 টাকা (D) 40 টাকা

99. একটি নৌকা একটি দূরত্ব 30 কিলোমিটার/ঘন্টা গিয়ে একই দূরত্ব 60 কিলোমিটার/ঘন্টা গতিতে ফিরে আসে। পুরো যাত্রায় গড় গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?
(A) 35 (B) 45 (C) 40 (D) 50


100. একটি বর্গাকার পার্কের ক্ষেত্রফল 25 বর্গ কিলোমিটার। ঘন্টায় 3 কিলোমিটার গতিতে পার্কের চারিদিকে একবার ঘুরে আসতে কত সময় লাগবে?
(A) 3 ঘন্টা 40 মিনিট (B) 4 ঘন্টা 40 মিনিট
(C) 6 ঘন্টা 40 মিনিট (D) 2 ঘন্টা 30 মিনিট

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(C). 2(B). 3(A). 4(C). 5(B). 6(C). 7(B). 8(A). 9(D). 10(D). 11(D). 12(A). 13(B). 14(A). 15(D). 16(B). 17(A). 18(C). 19(D). 20(D). 21(B). 22(D). 23(A). 24(B). 25(C). 26(B). 27(B). 28(C). 29(B). 30(B). 31(B). 32(B). 33(C). 34(C). 35(A). 36(C). 37(B). 38(B). 39(B). 40(C). 41(C). 42(A). 43(B). 44(B). 45(C). 46(B). 47(B). 48(D). 49(B). 50(C). 51(C). 52(D). 53(D). 54(A). 55(A). 56(A). 57(D). 58(D). 59(B). 60(A). 61(D). 62(A). 63(A). 64(C). 65(C). 66(B). 67(D). 68(A). 69(A). 70(D). 71(A).

72(A). 8 টাকা কিলো দরের 1 কিলোর দাম = 8 টাকা
11 টাকা কিলো দরের 2 কিলোর দাম = 22 টাকা
মিশ্রিত 3 কিলোর দাম = 30 টাকা
প্রতি কিলোর দাম $= \frac{30}{3} = 10$ টাকা।

73(C).




74(B). দু'টি সংখ্যা a ও b হলে
$a^2 - b^2 = (a+b)(a-b)$
∴ 58 × সংখ্যা দু'টির অন্তর = 580
∴ সংখ্যা দু'টির অন্তর $= \frac{580}{58} = 10$

75(A). মিলিত হওয়ার পর গন্তব্যস্থানে পৌছানোর সময় = 9 : 16
গতিবেগের অনুপাত $= \sqrt{16} : \sqrt{9} = 4 : 3$
প্রথম ব্যক্তির গতিবেগ ঘন্টায় = 40 কিলোমিটার হলে
দ্বিতীয় ব্যক্তির গতিবেগ ঘন্টায় $= \left(40 \times \frac{3}{4}\right)$ কিলোমিটার = 30 কিলোমিটার।


76(A). দূরত্ব $= \frac{\text{গতিবেগের গুণফল}}{\text{গতিবেগের পার্থক্য}} \times$ সময় পার্থক্য
দূরত্ব $= \frac{10 \times 12}{(12-10)} \times \frac{(15-10)}{60}$ কিলোমিটার
$= \frac{10 \times 12}{2} \times \frac{5}{60} = 5$ কিলোমিটার

77(D). আসল = 100 টাকা হলে (সব ক্ষেত্রে)
প্রথম অংশের 5% হারে 4 বছরের সুদ
= 5 ×4 = 20
দ্বিতীয় অংশের 6% হারে 5 বছরের সুদ
= 6 × 5 = 30
তৃতীয় অংশের 8% হারে 5 বছরের সুদ
= 8 × 5 = 40
∴ সুদ সমান হলে আসল
$= \frac{1}{20} : \frac{1}{30} : \frac{1}{40} = 60 : 40 : 30$
= 6 : 4 : 3
প্রথম অংশ $= 13000 \times \frac{6}{(6+4+3)} = 6000$ টাকা

78(A). 10% লাভ ∴110% = 330 টাকা
$115\% = \frac{330}{110} \times 115 = 345$ টাকা

79(B). প্রথমটির ক্ষেত্রফল = 16 বর্গএকক
∴ বাহু $= \sqrt{16} = 4$ একক
∴ পরিসীমা = 4 x 4 = 16 একক
∴ পরিসীমার অনুপাত = 16 : 4 = 4 : 1

80(D).





= 9899

81(C). 180 ÷ 15 = 12, 12 = 1 + 11 ও 7 + 5
∴ 2 জোড়া সংখ্যা হতে পারে।

82(A). 3 জন পুরুষ = 5 জন স্ত্রীলোক
7 জন পুরুষ $= \frac{5}{3} \times 7 = \frac{35}{3}$ জন স্ত্রীলোক
মোট স্ত্রীলোক $= \frac{35}{3} + 11 = \frac{35+33}{3} = \frac{68}{3}$ জন
এখন 5 জন স্ত্রীলোক করে = 17 দিনে
$\frac{68}{3}$ জন স্ত্রীলোক করে $= \frac{17 \times 5 \times 3}{68} = \frac{15}{4}$ দিন $= 3\frac{3}{4}$ দিন

83(B). 20 দিনে জল পাওয়া যায় = (20 × 40) = 800 গ্যালন ও 25 দিনে পাওয়া যায় = (25 × 30) = 750 অর্থাৎ, (25 – 20) = 5 দিনে ছিদ্র দিয়ে জল বেরিয়ে যায়- (800 – 750)
∴ 50 গ্যালন, রোজ $\frac{50}{5}$ =10 গ্যালন জল বেরিয়ে যায়।

84(B).




A তিনদিন আগে চলে যায়
শেষ 3 দিন B একা কাজ করে

☞ এরপর ১১ পাতায়

# ক্লার্কশিপ স্পেশাল

১৭ পাতার পর

বাকি কাজ 18 − 3 = 15 একক, A & B মিলে করে
এখন A ও B 1 দিনে করে 3 একক
3 একক করে 1 দিনে

15 একক করে $= \frac{1}{3} \times 15 = 5$ দিন

মোট দিন = 5 + 3 = 8 দিন

**85(C).** প্রথম তিনটির গড় $\frac{27}{3} = 9$

∴ পরবর্তী তিনটির গড় 3 বেশি অর্থাৎ 9 + 3 = 12

সমষ্টি = 12 × 3 = 36

**86(B).** স্থির জলে নৌকার গতি ঘণ্টায় x কিলোমিটার ধরা হলে -

$8(x+1) = 10(x-1) \Rightarrow 2x = 18, x = 9$

∴ নির্ণেয় দূরত্ব = 8 (9 + 1) = 80 km

**87(D).** মনে করি, সংখ্যা দু'টি = x, x + 1

$\therefore (x+1)^2 - x^2 = 75$

$\Rightarrow x^2 + 2x + 1 - x^2 = 75$

$\Rightarrow 2x = 74, x = 37 \quad \therefore x + 1 = 37 + 1 = 38$

**88(C).** টাকার পরিমাণ = P

∴ সরল সুদ = 3p − p = 2p  ∴ $2p = \frac{p \times 5 \times t}{100}$

∴ T = 40 বছর

দ্বিতীয় ক্ষেত্র সরল সুদ = 6p − p = 5p

$5p = \frac{P \times R \times 40}{100}, \; p = \frac{100 \times 5}{40} = 12.5\%$

**89(A).** স্পিরিট  জল

15.50  0

14

(14-0) = 14 (15.5 - 14) = 1.50 = 28 : 3

জল $= 56 \times \frac{3}{28} = 6$ লিটার

**90(D). 91(A).**

**92(C).** প্রথম লোক সংখ্যা $= \frac{2(70+10)}{10} = 16$ জন

**93(B). 94(A). 95(A). 96(B).**

**97(C).** বিজয়ী প্রার্থী পায় $= \frac{80}{100} \times 70 = 56\%$

পরাজিত প্রার্থী পায় (80 − 56)% = 24%

মোট ভোটার $= \frac{100}{56-24} \times 4960 = \frac{100}{32} \times 4960 = 15500$ জন

**98(B).** A : B = 3 : 4, B : C = 5 : 6

$\frac{A}{B} \times \frac{B}{C} = \frac{3}{4} \times \frac{5}{6} = \frac{5}{8}$ = A : C = 5 : 8

∴ C পাবে $= 20 \times \frac{8}{5} = 32$ টাকা = A : C = 5 : 8

∴ C পাবে $20 \times \frac{8}{5} = 32$ টাকা

**99(C).** মনে করি, মোট দূরত্ব 60 কিলোমিটার

যেতে সময় লাগে $= \frac{60}{30} = 2$ ঘণ্টা

ফিরে আসতে সময় লাগে $= \frac{60}{60} = 1$ ঘণ্টা

গড় গতিবেগ $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{60+60}{2+1} = \frac{120}{3} = 40$ কিলোমিটার/ঘণ্টা

**100(C).** ∴ বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য $= \sqrt{25} = 5$ কিলোমিটার

বর্গক্ষেত্রের পরিসীমা = 4 × 5 = 20 কিলোমিটার

∴ সময় লাগবে $= \frac{20}{3} = 6\frac{2}{3}$ ঘণ্টা $= 6 + \frac{2}{3} \times 60 = 6$ ঘণ্টা 40 মিনিট।

৬ পাতার পর

ভারতকে বিজয় থলপতি। ২০২৪ সালে ৮০ কোটি টাকা কর দিয়েছেন তিনি। ২য় স্থানে রয়েছেন সলমন খান, যিনি ৭৫ কোটি টাকা কর দিয়েছেন।

☐ আইপিএল ফ্র্যাঞ্চাইজি 'রাজস্থান রয়্যালস'এর প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন রাহুল দ্রাবিড়।

**৬ সেপ্টেম্বর :** নয়াদিল্লিতে 'ইন্ডিয়ান স্টিল কনক্লেভ'এ, 'রাষ্ট্রীয় ইস্পাত নিগম লিমিটেড'এর ডেপুটি জেনারেল ম্যানেজার ড.দাসারি রাধিকাকে মর্যাদাপূর্ণ 'লিঙ্গ বৈচিত্র্য' পুরস্কার দিল 'ইন্ডিয়ান স্টিল অ্যাসোসিয়েশন'। ইস্পাত শিল্পে লিঙ্গ বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিমূলক সংস্কৃতির প্রচারে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

☐ ওড়িশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে 'অগ্নি-৪' ব্যালিস্টিক মিসাইলের সফল পরীক্ষা হল। এদিনের পরীক্ষায় এই অস্ত্র যাবতীয় কার্যকরী ও প্রযুক্তিগত মাপদণ্ডকে ছুঁয়েছে। স্ট্র্যাটেজিক ফোর্সেস কম্যান্ডের আওতায় এই পরীক্ষা করা হয়। মিসাইলটির রেঞ্জ ৪,০০০ কিলোমিটার। ৪০০ কিলোমিটার দূরের কোনো বস্তুতে আছড়ে পড়তে পারে এই মিসাইল। ২০ মিটার দীর্ঘ ও ১৭,০০০ কেজি ওজনবিশিষ্ট এই মিসাইল ১,০০০ কেজির পেলোড নিতে সক্ষম। রোড মোবাইল লঞ্চার থেকে এই মিসাইল নিক্ষেপ করা যেতে পারে।

☐ গ্লোবাল পেমেন্ট হাব 'পেসিকিওর'এর তথ্য অনুসারে, এবছরের এপ্রিল থেকে জুলাই পর্যন্ত প্রায় ৮১ লাখ কোটি টাকা লেনদেন প্রক্রিয়াকরণ করে রেকর্ড গড়েছে ভারতের ইউপিআই, যা বছরে ৩৭% বৃদ্ধি। বিশ্বের শীর্ষস্থানীয় ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্মগুলিকে ছাড়িয়ে এই রেকর্ড গড়েছে ভারত। ইউপিআই প্রতি সেকেন্ডে ৩,৭২৯.১ লেনদেন প্রক্রিয়াকরণ করেছে, যা ২০২২ সালে নিবন্ধিত প্রতি সেকেন্ডে ২,৩৪৮টি লেনদেনের তুলনায় ৫৮% বৃদ্ধি। জুলাইয়ে ইউপিআই লেনদেন এক মাসে সর্বোচ্চ ২০.৬ লাখ কোটি টাকা অতিক্রম করেছে।

☐ একটি নতুন সমীক্ষা অনুসারে, বিশ্বের বৃহত্তম প্লাস্টিক দূষণকারী দেশ হল ভারত। গবেষণায় দেখা গেছে, প্রতি বছর প্রায় ৯.৩ মিলিয়ন টন প্লাস্টিক বর্জ্য পরিবেশে ফেলে ভারত। এই পরিমাণ প্লাস্টিক দিয়ে ৬০৪টি তাজমহল ভরানো সম্ভব। 'ইউনিভার্সিটি অফ লিডস'এর গবেষকরা জানিয়েছেন, ভারতের ৯০ শতাংশের বেশি প্লাস্টিক দূষণ অ-প্রক্রিয়াজাত পুর বর্জ্য থেকে আসে, যা অনেক ক্ষেত্রেই জমিতে পুড়িয়ে ফেলা হয়। ভারতের সঙ্গেই প্রথম সারিতে রয়েছে নাইজেরিয়া, ইন্দোনেশিয়া, চিন ও পাক-ই-স্তান। একসময় চিন এই তালিকার শীর্ষে থাকত। কিন্তু বর্জ্য কমানোর ক্ষেত্রে কার্যকর পদক্ষেপের কারণে প্রথম থেকে চতুর্থ অবস্থানে নেমে এসেছে চিন।

☐ স্পেনে, 'অনূর্ধ্ব-২০ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৬২ কেজি ফ্রিস্টাইল বিভাগে রুপোর পদক পেলেন ভারতের নীতিকা।

**৭ সেপ্টেম্বর :** 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন রমা মোহন রাও অমরা।

☐ ভারতের প্রথম সিলিকন কার্বাইড উৎপাদন কারখানা তৈরি হতে চলেছে ওড়িশায়। ভুবনেশ্বরের ইনফো ভ্যালির ইএমসি পার্কে এই কারখানাটি তৈরি করবে 'আরআইআর পাওয়ার ইলেক্ট্রনিক্স লিমিটেড'। প্রকল্পটি তৈরিতে ৬২০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। এই কারখানাটির লক্ষ্য হল, পাওয়ার ইলেক্ট্রনিক্স ও বৈদ্যুতিক যানবাহনের জন্য গুরুত্বপূর্ণ উপকরণ সরবরাহ করা। এই সুবিধাটি সেমিকন্ডাক্টর উৎপাদনে স্বনির্ভরতা বাড়ানোর জন্য ভারতের উদ্যোগের অংশ। সুবিধাটি গবেষণা ও উন্নয়ন আর কারখানা পরিচালনার মতো বিভিন্ন ক্ষেত্রে ৫০০টিরও বেশি চাকরি তৈরি করবে বলে মনে করা হচ্ছে।



মার্কিনি টেনিস তারকা জেসিকা পেগুলা'কে ৭-৫ ও ৭-৫ ব্যবধানে হারিয়ে, এই প্রথমবার 'ইউএস ওপন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন বেলারুশের অ্যারিনা সাবালেঙ্কা। এই নিয়ে নিজের তৃতীয় গ্র্যান্ডস্ল্যাম জিতলেন তিনি।

**৮ সেপ্টেম্বর :** বিনা প্রতিদ্বন্দ্বিতায় 'অলিম্পিক কাউন্সিল অফ এশিয়া'র প্রথম ভারতীয় প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন প্রাক্তন শুটার ও প্রবীণ ক্রীড়া প্রশাসক রণধীর সিং।

☐ ভারতের পূর্বাঞ্চলে, বিশেষ করে মিজোরাম ও মেঘালয় রাজ্যে ৩টি নতুন প্রজাতির আদা আবিষ্কার করলেন 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ' ভোপালের গবেষকরা। এই নতুন আবিষ্কৃত আদার প্রজাতিগুলি তাদের অনন্য ফুলের আকৃতির কারণে সম্মিলিতভাবে 'ডান্সিং গার্লস' নামে পরিচিত। দুই বিজ্ঞানী রিতু যাদব ও বিনীতা গৌড়া এই আবিষ্কারটি করেছেন। এই প্রজাতিগুলি 'গ্লোবা' গণের অন্তর্গত। এই 'গ্লোবা' গণটি তার সুন্দর, শোভাময় ফুলের জন্য পরিচিত। 'গ্লোবা' গণ আদা পরিবারের মধ্যে চতুর্থ বৃহত্তম, যার প্রায় ১৩৬টি প্রজাতি রয়েছে। নতুন আবিষ্কৃত আদার এই ৩টি প্রজাতির প্রথমটি হল 'গ্লোবা টাইরনেসিস', যা মেঘালয়ের ডাবল ডেকার লিভিং রুট ব্রিজ এলাকায় পাওয়া গেছে। এই প্রজাতিটি প্রায় ৭৩১ মিটার উচ্চতায় প্রধানত বনের নীচের অংশে বাড়ে। এটি অনেক মৌমাছি প্রজাতিকে আকর্ষণ করে। দ্বিতীয়টি হল 'গ্লোবা জানকিয়া'। এটিও মেঘালয়ে পাওয়া গেছে। প্রয়াত ভারতীয় উদ্ভিদবিদ ড.এদাভলথ কাক্কাত জানকী আম্মাল'এর নামানুসারে এটির নাম রাখা হয়েছে। তৃতীয়টি হল 'গ্লোবা যাদবীয়ানা', যা মিজোরামের রেইক তুলাং রোড বরাবর আবিষ্কৃত হয়েছে। রিতু যাদবের বাবা রাজেশ যাদবের নামানুসারে এটির নাম রাখা হয়েছে।

☐ দৃষ্টিহীন প্রতিবন্ধীদের স্বাস্থ্য বিমা প্রদানের লক্ষ্যে, ভারতে এই প্রথমবারের মতো ব্রেইল ইন্সিওরেন্স পলিসি চালু করল 'স্টার হেলথ ইন্সিওরেন্স'। এটির নাম 'স্পেশাল কেয়ার গোল্ড'। দৃষ্টিহীন প্রতিবন্ধী মানুষরা যাতে স্বাস্থ্য বিমায় সমান প্রবেশাধিকার পান ও তাঁদের স্বাস্থ্য ও অর্থ সংক্রান্ত বিষয়ে স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে পারেন, তা নিশ্চিত করতেই এই উদ্যোগটি চালু করা হয়েছে। ৪০% বা তার বেশি প্রতিবন্ধকতার অধিকারী ব্যক্তিদের জন্য এই পলিসিটি বিশেষভাবে তৈরি করা হয়েছে। এই পলিসি ডকুমেন্টের ব্রেইল সংস্করণটি 'ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ দ্য ব্লাইন্ড'এর সহযোগিতায় তৈরি করা হয়েছে। এই উদ্যোগের অধীনে, প্রথম লাইসেন্সপ্রাপ্ত বিমা এজেন্টদের একজন হলেন দৃষ্টিহীন প্রতিবন্ধী উদ্যোক্তা শ্রীকান্ত বোল্লা।

☐ সাম্প্রতিক তথ্য অনুসারে, এবছরের প্রথম ৮ মাসে শ্রীলঙ্কা পর্যটনের জন্য শীর্ষস্থানীয় উৎস হিসাবে নিজেদের অবস্থান বজায় রেখেছে ভারত। শ্রীলঙ্কা বরাবরই ভারতীয় পর্যটকদের জন্য একটি পছন্দের গন্তব্য। এবছরও তার ব্যতিক্রম হয়নি। এবছরের প্রথম ৮ মাসে প্রায় ২.৬ লাখ ভারতীয় এই দ্বীপরাষ্ট্রটি পরিদর্শন করেছেন। শ্রীলঙ্কা ট্যুরিজম ডেভেলপমেন্ট অথরিটির প্রকাশিত তথ্য অনুযায়ী, চলতি বছরে দেশটিতে পর্যটক আগমনের বৃদ্ধি ২০২৩ সালের একই সময়ের তুলনায় ৫০.৭% বেড়েছে। শ্রীলঙ্কার কেন্দ্রীয় ব্যাঙ্কের তথ্য অনুযায়ী, এবছরের প্রথম ৮ মাসে দ্বীপরাষ্ট্রটি ২.১৭ বিলিয়ন মার্কিন ডলার আয় করেছে, যা ২০২৩ সালের তুলনায় ৬৬.১% বেশি।

☐ সংযুক্ত আরব আমিরশাহীর আল আইনে, 'এশিয়ান যুব বক্সিং চ্যাম্পিয়নশিপ'এ প্রথমবারের মতো স্কুলগার্ল চ্যাম্পিয়ন হয়ে ইতিহাস গড়লেন ভারতীয় বক্সার দীপালি থাপা। ইউক্রেনের লিউদমিলা ভাসিলচেঙ্কো'কে হারিয়ে, ৩৩ কেজি ওজন বিভাগে এই খেতাব অর্জন করেছেন তিনি।

**৯ সেপ্টেম্বর :** ভারতের প্রথম 'টিল কার্বন' নিয়ে গবেষণা করা হল রাজস্থানের ভরতপুর জেলার 'কেওলাদেও জাতীয় উদ্যান'এ। গবেষণায় উচ্চতর মিথেন নির্গমনের প্রমাণ পাওয়া গেছে, যার ফলে এই মাত্রা কমাতে বিশেষ বায়োচার ব্যবহার করার সুপারিশ করা হয়েছে। বায়োচার হল একটি কার্বন-সমৃদ্ধ উপাদান, যা মাটির উর্বরতা, জল ধরে রাখা ও ফসলের উৎপাদনশীলতা বাড়ায়। এই পাইলট প্রকল্পের উদ্দেশ্য ছিল, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রকৃতি-ভিত্তিক সমস্যাগুলির সমাধান করা। প্রসঙ্গত উল্লেখ্য, 'টিল কার্বন' বলতে গাছপালা, অণুজীব জৈববস্তু, দ্রবীভূত ও কণাযুক্ত জৈব পদার্থ-সহ মিঠে জলের (জোয়ার-ভাটাবিহীন) জলাভূমিতে সঞ্চিত কার্বনকে বোঝায়।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

☐ শেষ রাউন্ড-রবিন ম্যাচে ভারতকে ৩-০ গোলে হারিয়ে, [illegible] ইন্টারকন্টিনেন্টাল কাপ পুরুষদের ফুটবল টুর্নামেন্ট জিতল সিরিয়া।

**১০ সেপ্টেম্বর :** টানা দ্বিতীয় বারের মেয়াদে, 'আন্তর্জাতিক হকি ফেডারেশন'এর প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নিচ্ছেন তৈয়ব ইকরাম।

☐ এবছর মার্কিনি ডিজিটাল মিডিয়া কোম্পানি 'ইউএস নিউজ অ্যান্ড ওয়ার্ল্ড রিপোর্ট'এর তরফ থেকে প্রকাশিত 'সেরা দেশের র‍্যাঙ্কিং'এ টানা তৃতীয়বারের মতো শীর্ষ স্থান পেল সুইৎজারল্যান্ড। অ্যাডভেঞ্চার, ঐতিহ্য, জীবনযাত্রার মান-সহ ১০টি উপ-র‍্যাঙ্কিংয়ের ভিত্তিতে, বিশ্বের ৮৯টি দেশকে এই তালিকায় মূল্যায়ন করা হয়েছে। জীবনযাত্রার মান ও ব্যবসায়িক ক্ষেত্রে সুইৎজারল্যান্ড শ্রেষ্ঠত্বের শিরোপা পেলেও, ঐতিহ্যগত দিক থেকে কম স্কোর করেছে দেশটি। সুইৎজারল্যান্ডের পর এই তালিকায় রয়েছে জাপান, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা ও অস্ট্রেলিয়া। এই তালিকায় ৩৩ তম স্থান পেয়েছে ভারত।

**১১ সেপ্টেম্বর :** ভারতের আবহাওয়ার পূর্বাভাস ও আবহাওয়াকে আরও ভালোভাবে বুঝতে 'মিশন মৌসম' নামে একটি বিশেষ প্রকল্পে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। আবহাওয়ার নিশ্চিত পূর্বাভাস পেতে এবার এআই ও মেশিন লার্নিংয়ের মতো উন্নত প্রযুক্তির সাহায্য নিতে চলেছে আবহাওয়া দফতর। 'মিশন মৌসম' নামে এই প্রকল্পে কৃত্রিমভাবে পরীক্ষাগারে তৈরি করা হবে মেঘ। মেঘ তৈরির পাশাপাশি প্রায় ১৫০ শতাংশেরও বেশি বাড়ানো হবে রাডারের সংখ্যা। নতুন উপগ্রহ, সুপার কম্পিউটারের সাহায্যে পরীক্ষা চালানো হবে আবহাওয়ার বিষয়ে। এই মিশনটি দু'টি ধাপে বাস্তবায়িত হবে। প্রথম পর্যায় চলবে ২০২৬ সালের মার্চ পর্যন্ত। যেখানে ধাপে ধাপে বাড়ানো হবে নেটওয়ার্ক পরিষেবা। প্রায় ৭০টি ডপলার রাডার, উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটার ও ১০টি উইন্ড প্রোফাইলার ও ১০টি রেডিওমিটার স্থাপন করবে ভূবিজ্ঞান মন্ত্রক। দ্বিতীয় পর্যায়ে পর্যবেক্ষণ ক্ষমতা আরও বাড়ানোর জন্য স্যাটেলাইট ও বিমান যোগ করার ওপর নজর দেওয়া হবে।

☐ ভারতকে হাই অল্টিটিউড অ্যান্টি-সাবমেরিন সিস্টেম 'সোনোবয়' বিক্রির ছাড়পত্র দিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেন। মার্কিন যুক্তরাষ্ট্র এই যন্ত্রের আনুমানিক দর ঠিক করেছে ৫২.৮ মিলিয়ন ডলার (ভারতীয় মুদ্রায় ৪৪২ কোটি ৫৩ লাখ টাকা)। 'সোনোবয়' যন্ত্রগুলি একটি লম্বা সিলিন্ডার আকারের বাক্সের মধ্যে রাখা থাকে। বিমান থেকে সমুদ্রে ফেলা হয় এগুলিকে। এর মধ্যে থাকা সেন্সরগুলির মাধ্যমে সমুদ্রের কোথায় ডুবোজাহাজ রয়েছে, তা নির্ধারণ করা যায়।

☐ দেশে বৈদ্যুতিন গাড়ির চাহিদা ও বাজার আরও বিস্তৃত করে তুলতে, 'পিএম ই-ড্রাইভ স্কিম'এর অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এই প্রকল্পের পুরো নাম 'পিএম ইলেক্ট্রিক ড্রাইভ রেভোলিউশন ইন ইনোভেটিভ ভেহিক্যাল এনহান্সমেন্ট'। আগামী ২ বছরে এই প্রকল্পে ১০,৯০০ কোটি টাকা বিনিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পের অধীনে, বৈদ্যুতিন দু'চাকার গাড়ি, তিন চাকার গাড়ি ও বৈদ্যুতিন ট্রাকের চাহিদা বাড়াতে ৩,৬৭৯ কোটি টাকা ভরতুকি বরাদ্দ করা হয়েছে আর এই প্রকল্পের অধীনে দেশে তৈরি ২৪.৭৯ লাখ দু'চাকা, ৩.১৬ লাখ তিন চাকা ও ১৪,০২৮টি বৈদ্যুতিন বাস ভরতুকির সুবিধা পাবে।

এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

GIMS

# GLOBAL INSTITUTE OF MANAGEMENT STUDIES

www.gimsglobal.in

**Registered with MSME (Govt. of India)**

* Condition Apply

We are associated with - SHARK edutech.com define your future with us

Hotel Management courses approved by
NATIONAL CENTRE FOR VOCATIONAL AND TECHNICAL EDUCATION (NCVTE)
Reg: No. WB/NCVTE/N1047456

১৮ থেকে ২৬ বছর বয়সি ছেলেমেয়েরা যাঁরা টাকার অভাবে প্রফেশনাল কোনো কোর্স করতে পারছেন না বা চাকরি পাচ্ছেন না

**Hotel Management Course করে চাকরির চিন্তা থেকে মুক্তি পান**

## Hotel and Hospitality Management

**COURSES OFFERED : 6 Months / 1 Year / 2 Years**

## নিজের রোজগারে ভবিষ্যৎ গড়ে তোলার সুবর্ণ সুযোগ

**Admission নেওয়ার পর Course Fee Income করে দেওয়ার সুযোগ। এছাড়াও মাসে 4,000 টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে।**

**ভর্তির সময় কোনো টাকা লাগবে না**



Excellence Placement in Hotel and Hospitality Management
Global Institute of Management Studies (GIMS)
Awarded by TV9 Bangla



Best Placement in Hospitality Industry
Global Institute of Management Studies (GIMS)
Awarded by News 18 Bihar Jharkhand



"Youngest Leader in Hotel and Hospitality Education" at the Leadership Conclave 2024
Global Institute of Management Studies (GIMS)
Awarded by News 18 Bangla

**Campus :** Lokenath Park, near Chinar Park (Atghara), Behind Aminia Restaurant, Kolkata - 700157
7980342318, 9163354871, 9875393007 | Ph. : 03328042616 | Toll Free No. 1800 202 2526

**Haldia Office :** Vill.: Brajanathchak, PO- Haldia Port, Dist.- East Medinipur, PS- Haldia, PIN- 721605 (Near Crystal Tower), Sec- 13 More. M : 7384162083

**Franchise নিতে আগ্রহী থাকলে WhatsApp করুন : 9836243555**


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com